	(৩) জেলা পরিষদের নিজস্ব সংগ্রহযোগ্য সম্পদ		হ্যাঁ হলে **২**, না হলে **০**	২		১. জেলা পরিষদে কোনো পরিকল্পনা তৈরী হয় না। ২. নিজস্ব তহবিল হিসাবে কত টাকা পাওয়া যেতে পারে তার হিসাব করা খুব কঠিন। ৩. নিজস্ব তহবিলের টাকা ব্যবহারের কোনো পরিকল্পনা করা হয় না বলে এই ধরণের হিসাব করা হয় না। ৪. নিজস্ব তহবিল বিভিন্ন প্রশাসনিক কাজে ব্যয় হয়ে যায় বলে একে পরিকল্পনার হিসাবে আনা হয় না। ৫. এই ধরণের হিসাব করার উদ্যোগ নেওয়া হয় না। ৬. নিজস্ব তহবিল সংগ্রহের কোনো উদ্যোগ নেওয়া হয়নি। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -
(খ) ২০০৮-০৯ আর্থিক বছরের জেলা পরিষদ পরিকল্পনা ১০ মার্চ ২০০৮ তারিখের মধ্যে জেলা পরিষদের সাধারণ সভায় অনুমোদিত হয়েছিল কি?			জেলা পরিষদের পরিকল্পনা ১০ মার্চের মধ্যে অনুমোদিত হলে **২**, জেলা পরিষদের পরিকল্পনা ১০ মার্চের পরে অনুমোদিত হলে **১** এবং জেলা পরিষদে পরিকল্পনা তৈরী না হলে **-২**	২		১. জেলা পরিষদে কোনো পরিকল্পনা তৈরী হয় না। ২. সেভাবে কোনো সামগ্রিক পরিকল্পনা হয় না, তাই ১০ মার্চের মধ্যে বলে কিছু নেই। ৩. পরিকল্পনা হয় কিন্তু ১০ মার্চের মধ্যে অনুমোদন করার উদ্যোগ নেওয়া হয় না। ৪. অন্যান্য কাজের চাপে নির্দিষ্ট সময়ে পরিকল্পনা করা সম্ভব হয় না। ৫. কর্মচারীর অভাবের জন্য নির্দিষ্ট সময়ে পরিকল্পনা করা সম্ভব হয় না। ৬. পরিকল্পনা করে আগে দেখা গেছে যে নানান চাপে পরিকল্পনা অনুযায়ী কাজ করা যায় না তাই আর পরিকল্পনা তৈরী করা হয় না। ৭. স্থায়ী সমিতিগুলি কোনো প্রস্তাব দেয়নি বলে পরিকল্পনা তৈরী করা হয়নি। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -

পরের পাতায়.....

১৬. জেলা পরিষদের পরিকল্পনা প্রণয়ন ও বাজেট (চলছে)

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(গ) ২০০৮-০৯ আর্থিক বছরের জেলা পরিষদ স্তরের পরিকল্পনায় অন্তর্ভুক্তির জন্য পঞ্চায়েত সমিতিগুলির পাঠানো গ্রহণযোগ্য প্রস্তাব গৃহীত হয়েছে কি? (যে কোনো একটিতে ✓ দিন)	(১) সবকটি প্রস্তাব গৃহীত হয়েছে (২) কিছু প্রস্তাব গৃহীত হয়েছে (৩) কোনো প্রস্তাব গৃহীত হয়নি (৪) পঞ্চায়েত সমিতিগুলি এরূপ প্রস্তাব পাঠায়নি	সবকটি প্রস্তাব গৃহীত হলে **২**, কিছু প্রস্তাব গৃহীত হলে **১**, কোনো প্রস্তাব গৃহীত না হলে **০** এবং পঞ্চায়েত সমিতিগুলি এরকম কোনো প্রস্তাব না পাঠালে **-২**	২		১. পঞ্চায়েত সমিতিগুলিকে এইরকম প্রস্তাব পাঠাতে বলা হয়নি। ২. জেলা পরিষদের উপর আস্থা না থাকার জন্য পঞ্চায়েত সমিতিগুলি কোনো প্রস্তাব পাঠায়নি। ৩. বিভিন্ন পঞ্চায়েত সমিতির প্রস্তাব গ্রহণের সংখ্যার মধ্যে সমতা রাখার জন্য কিছু প্রস্তাব গ্রহণ করা যায়নি। ৪. যে পঞ্চায়েত সমিতির নিজেদের কাজের অগ্রগতি খুব খারাপ তাদের ক্ষেত্রে ইচ্ছা করেই প্রস্তাবগুলি গ্রহণ করা হয়নি। ৫. আর্থিক সীমাবদ্ধতার জন্য কিছু প্রস্তাব গ্রহণ করা যায়নি। ৬. পঞ্চায়েত সমিতির পাঠানো প্রস্তাবের কাজগুলি পরের বছর পঞ্চায়েত সমিতিরই করা উচিৎ ভেবে প্রস্তাবগুলি গ্রহণ করা হয়নি। ৭. বিরোধী দলের দায়িত্বে থাকা পঞ্চায়েত সমিতি থেকে আসা প্রস্তাবগুলি গ্রহণ করা হয়নি। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -
(ঘ) ২০০৮-০৯ আর্থিক বছরের জেলা পরিষদের বাজেট ১০ মার্চ ২০০৮ তারিখের মধ্যে জেলা পরিষদের সাধারণ সভায় অনুমোদিত হয়েছিল কি?		জেলা পরিষদের বাজেট ১০ মার্চের মধ্যে অনুমোদিত হলে **২**, জেলা পরিষদের বাজেট ১০ মার্চের পরে অনুমোদিত হলে **১** এবং জেলা পরিষদে বাজেট তৈরী না হলে **-৫**	২		১. জেলা পরিষদে বাজেট তৈরী হয় না। ২. বাজেট হয় কিন্তু ১০ মার্চের মধ্যে অনুমোদন করার উদ্যোগ নেওয়া হয় না। ৩. অন্যান্য কাজের চাপে নির্দিষ্ট সময়ে বাজেট করা সম্ভব হয় না। ৪. বিভিন্ন খাতে কী পরিমাণ টাকা পাওয়া যাবে জানা যায়নি বলে বাজেট তৈরী করা যায়নি। ৫. কর্মচারীর অভাবের জন্য নির্দিষ্ট সময়ে বাজেট করা সম্ভব হয় না। ৬. বাজেট অনুযায়ী কাজ করা নানা কারণে সম্ভব হয় না, তাই বাজেট করার উৎসাহ থাকে না। ৭. স্থায়ী সমিতিগুলি সময়মতো বাজেট তৈরী করেনি বলে নির্দিষ্ট সময়ে বাজেট তৈরী করা যায়নি। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -
(ঙ) বাজেটের বাইরে খরচ হলে তা সাধারণ সভা ডেকে পাশ করানো এবং অতিরিক্ত ও সংশোধিত বাজেটের (Supplementary and Revised Budget) অর্ন্তভুক্ত করা হয় কি? (যে কোনো একটিতে ✓ দিন)	(১) সাধারণ সভা ডেকে পাশ করানো হয় এবং তা অতিরিক্ত ও সংশোধিত বাজেটের অর্ন্তভুক্ত করা হয় (২) সাধারণ সভা ডেকে পাশ করানো হয় কিন্তু অতিরিক্ত ও সংশোধিত বাজেটের অর্ন্তভুক্ত করা হয় না (৩) কিছুই করা হয় না	সাধারণ সভা ডেকে পাশ করানো হয় এবং তা অতিরিক্ত ও সংশোধিত বাজেটের অর্ন্তভুক্ত করা হয় এমন হলে **২**, সাধারণ সভা ডেকে পাশ করানো হয় কিন্তু অতিরিক্ত ও সংশোধিত বাজেটের অর্ন্তভুক্ত করা হয় না এমন হলে **১** এবং কিছুই করা না হলে **০**	২		১. বাজেটই করা হয় না, তাই বাজেট বর্হিভূত খরচের কথা অপ্রাসঙ্গিক। ২. সাধারণ সভা ডেকে পাশ করাতে হবে এটা জানা ছিল না। ৩. অর্থ, সংস্থা, উন্নয়ন ও পরিকল্পনা স্থায়ী সমিতির সিদ্ধান্ত যথেষ্ট বলে মনে করা হয়েছে। ৪. সভাধিপতির সিদ্ধান্ত যথেষ্ট বলে মনে করা হয়েছে। ৫. সাধারণ সভা ডেকে পাশ করানোর উদ্যোগ নেওয়া হয়নি। ৬. সাধারণ সভা ডাকা হয়েছিল কিন্তু সেখানে পাশ হয়নি। ৭. অতিরিক্ত ও সংশোধিত বাজেট তৈরী হয় না, তাই সেখানে ঢোকানোর প্রশ্নই ওঠে না। ৮. অতিরিক্ত ও সংশোধিত বাজেটে ঢোকাতে হবে এটা জানা ছিল না। ৯. অন্যান্য (উল্লেখ করুন) -

পরের পাতায়.....

১৬. জেলা পরিষদের পরিকল্পনা প্রণয়ন ও বাজেট (চলছে)

বিষয়		উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(চ) কাজের অনুমোদন দেওয়ার আগে	(১) তা পরিকল্পনায় আছে কিনা দেখা হয় কি? (হ্যাঁ/না)		হ্যাঁ হলে ১, না হলে ০	১		১. জেলা পরিষদে কোনো পরিকল্পনা তৈরী হয় না, তাই দেখার প্রশ্নই ওঠে না। ২. পরিকল্পনায় আছে ধরে নিয়ে আর দেখা হয় না। ৩. পরিকল্পনা নথিটি সবসময় খুঁজে পাওয়া যায় না। ৪. তাড়াতাড়ি অনুমোদন দেওয়ার প্রয়োজনীয়তায় অনেক সময় দেখা হয়ে ওঠে না। ৫. কাজটি প্রয়োজনীয় হলে সেটি পরিকল্পনায় আছে কি না তা দেখার দরকার আছে বলে মনে করা হয় না। ৬. অন্যান্য (উল্লেখ করুন) -
	(২) বাজেটে সংস্থান আছে কিনা দেখা হয় কি? (হ্যাঁ/না)		হ্যাঁ হলে ১, না হলে ০	১		১. জেলা পরিষদে কোনো বাজেট তৈরী হয় না, কাজেই দেখার প্রশ্নই ওঠে না। ২. বাজেটে আছে ধরে নিয়ে আর দেখা হয় না। ৩. বাজেট নথিটি সবসময় খুঁজে পাওয়া যায় না। ৪. তাড়াতাড়ি অনুমোদন দেওয়ার প্রয়োজনীয়তায় অনেক সময় দেখা হয়ে ওঠে না। ৫. বাজেট তো আনুমানিক এই ভেবে আর দেখা হয়না। ৬. প্রয়োজন হলে পরে সম্পূরক বাজেটে ঢুকিয়ে দেওয়া যাবে ভেবে আর দেখা হয় না। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -
	(৩) কাজের নির্দিষ্ট প্ল্যান ও এস্টিমেট আছে কিনা দেখা হয় কি? (হ্যাঁ/না)		হ্যাঁ হলে ১, না হলে ০	১		১. অনেক কাজের ক্ষেত্রেই কোনো প্ল্যান ও এস্টিমেট তৈরী হয় না, তাই দেখার প্রশ্ন ওঠে না। ২. নির্দিষ্ট প্ল্যান ও এস্টিমেট থাকবে ধরে নিয়ে আর দেখা হয় না। ৩. প্ল্যান ও এস্টিমেট সবসময় খুঁজে পাওয়া যায় না। ৪. তাড়াতাড়ি অনুমোদন দেওয়ার প্রয়োজনীয়তায় অনেক সময় দেখা হয়ে ওঠে না। ৫. কাজ করাটাই বেশী প্রয়োজনীয় এই ধারণা থেকে কাজ হয়ে গেলে সেই অনুযায়ী রেকর্ড ঠিক রাখার জন্য প্ল্যান ও এস্টিমেট তৈরী করা হয়। ৬. অনেক সময় কাজ শুরু করার পর প্ল্যান ও এস্টিমেট পালটে যায় বলে এর উপর গুরুত্ব দেওয়া হয় না। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -
	(৪) অর্থের জোগান আছে কিনা দেখা হয় কি? (হ্যাঁ/না)		হ্যাঁ হলে ১, না হলে ০	১		১. বাজেট করা হয় না বলে অর্থের জোগান কোন সমস্যা হয় না। ২. অর্থের জোগান থাকবে ধরে নিয়ে আর দেখা হয় না। ৩. তাড়াতাড়ি অনুমোদন দেওয়ার প্রয়োজনীয়তায় অনেক সময় দেখা হয়ে ওঠে না। ৪. যেহেতু প্রতি বছরের শেষে প্রায় সব খাতে অনেক টাকা থেকে যায়, অর্থের জোগান সমস্যা হবে না বলে ধরে নেওয়া হয়। ৫. গুরুত্বপূর্ণ কাজের ক্ষেত্রে মালপত্র কেনার টাকা বা মজুরী বা দুটোই দরকার পড়লে টাকা পাওয়ার পর মেটানো যেতে পারে ভেবে অর্থের জোগান দেখা হয় না। ৬. ঠিকাদারদের দেরী করে টাকা দিলেও চলে বলে জোগান আছে কিনা দেখা হয় না। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -

পরের পাতায়.....

জেলা পরিষদের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৭-০৮)

১৬. জেলা পরিষদের পরিকল্পনা প্রণয়ন ও বাজেট (চলছে)

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(ছ) এস্টিমেটের মধ্যে কাজ করা সম্ভব না হলে বাড়তি এস্টিমেটের অনুমোদন নেওয়া হয় কি? (হ্যাঁ/না)		হ্যাঁ হলে **২**, না হলে **০**	২		১. অনেক কাজের ক্ষেত্রেই কোনো এস্টিমেট করা হয় না, তাই বাড়তি এস্টিমেটের কথা অপ্রাসঙ্গিক। ২. কাজ শেষ হলে এস্টিমেট করা হয় তাই বাড়তি এস্টিমেটের প্রশ্ন আসে না। ৩. বাড়তি এস্টিমেটের অনুমোদন নিতে হবে এটা জানা ছিল না। ৪. বাড়তি এস্টিমেটের অনুমোদন কিভাবে নিতে হবে জানা নেই। ৫. বাড়তি এস্টিমেটের অনুমোদন নেওয়ার কোনো উদ্যোগ নেওয়া হয়নি। ৬. অন্যান্য কাজের চাপে বাড়তি এস্টিমেটের অনুমোদন নেওয়া হয়নি। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -
মোট			২০		
প্রকৃত প্রাপ্ত নম্বর (= মোট প্রাপ্ত নম্বর ÷ ২)			১০		

১৭. নিজস্ব সম্পদ সংগ্রহ

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(ক) ২০০৭-০৮ আর্থিক বছরে মাথাপিছু নিজস্ব সংগৃহীত রাজস্ব কত?		মাথাপিছু সংগ্রহের পরিমাণ ৫ টাকা বা তার বেশি হলে **১০**, ৪.৫০ টাকা থেকে ৪.৯৯ টাকা হলে **৯**, ৪ টাকা থেকে ৪.৪৯ টাকা হলে **৮**, ৩.৫০ টাকা থেকে ৩.৯৯ টাকা হলে **৭**, ৩ টাকা থেকে ৩.৪৯ টাকা হলে **৬**, ২.৫০ টাকা থেকে ২.৯৯ টাকা হলে **৫**, ২ টাকা থেকে ২.৪৯ টাকা হলে **৪**, ১.৫০ টাকা থেকে ১.৯৯ টাকা হলে **৩**, ১.২৫ টাকা থেকে ১.৪৯ টাকা হলে **২**, ১ টাকা থেকে ১.২৪ টাকা হলে **১** এবং ১ টাকার কম হলে **০**	১০		১. নিজস্ব রাজস্বের সম্ভাব্য সমস্ত উৎসগুলিকে চিহ্নিত করা হয়নি। ২. নিজস্ব রাজস্বের সম্ভাব্য সমস্ত উৎসগুলিকে চিহ্নিত করা হয়েছে কিন্তু সেখান থেকে সংগ্রহের জন্য যথেষ্ট উদ্যোগ নেওয়া হয়নি। ৩. উপবিধি অনুযায়ী অভিকর, ফি নির্ধারিত হলেও সেই হিসাব অনুযায়ী আদায় হচ্ছে না। ৪. স্থানীয় চাপে উপবিধির অনেক ধারা ব্যবহার করা হয় না। ৫. সরকারের দেওয়া টাকা থেকেই উন্নয়নের সব কাজ হওয়া উচিৎ ভেবে অনেকে টাকা দিতে উৎসাহী হন না। ৬. জেলা পরিষদের হাতে পুকুর, খেয়াঘাট বা অন্য আয়বর্ধক সম্পদ বেশী নেই বলে সেখান থেকে রাজস্ব বেশী আদায় হয় না। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -

পরের পাতায়.....

জেলা পরিষদের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৭-০৮)

১৭. নিজস্ব সম্পদ সংগ্রহ (চলছে)

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(খ) ২০০৭-০৮ আর্থিক বছরের বার্ষিক ডিমান্ডের কত শতাংশ আদায় হয়েছে?		৯০%-এর বেশী হলে ৫, ৮৫-৮৯% হলে ৪, ৮০-৮৪% হলে ৩, ৭৫-৭৯% হলে ২, ৭০-৭৪% হলে ১, ৭০%-এর কম হলে ০ এবং বার্ষিক ডিম্যান্ডের কোনো তালিকা না থাকলে -২	৫		১. রাজনৈতিক কারণে সম্পদ সংগ্রহের উপর জোর দেওয়া হয় না। ২. ডিম্যান্ড-এর তালিকায় পরিমাণ বেশী দেখানো আছে, তাই শতাংশের হিসাবে সংগ্রহ কম হয়। ৩. যাঁরা জেলা পরিষদ থেকে সুযোগ-সুবিধা নিয়ে থাকেন তাঁরাই অ-কর দিতে বাধ্য হন, অন্যরা ধরাছোঁয়ার বাইরেই থেকে যান। ৪. অ-কর না দেওয়ার জন্য কখনো কোনো শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়নি বলে অ-কর দিতে মানুষ খুব একটা উৎসাহী থাকেন না। ৫. নিজস্ব তহবিলের টাকায় কী করা হয় সে সম্বন্ধে মানুষের সন্দেহ আছে বলে মানুষ অ-কর দিতে উৎসাহী হন না। ৬. জেলা পরিষদ মানুষকে যে পরিষেবা দেয় তার মান সম্পর্কে মানুষের ক্ষোভ আছে বলে মানুষ অ-কর দিতে উৎসাহী হন না। ৭. সরকারের দেওয়া টাকা থেকেই উন্নয়নের সব কাজ হওয়া উচিৎ ভেবে অনেকে অ-কর দিতে উৎসাহী হন না। ৮. নিজস্ব সম্পদ সংগ্রহের জন্য কাউকে সুনির্দিষ্টভাবে দায়িত্ব দেওয়া নেই। ৯. বার্ষিক ডিম্যান্ডের তালিকা তৈরী করতে হবে জানা ছিল না। ১০. বার্ষিক ডিম্যান্ডের তালিকা তৈরী করার উদ্যোগ নেওয়া হয়নি। ১১. অন্যান্য (উল্লেখ করুন) -
(গ) ২০০৭-০৮ আর্থিক বছরের নিজস্ব সংগৃহীত রাজস্ব ২০০৬-০৭ আর্থিক বছরের তুলনায় কত শতাংশ বেশি?		বৃদ্ধি ৩০% বা তার বেশি হলে ৫, ২০-২৯% হলে ৪, ১০-১৯% হলে ৩, ৬-৯% হলে ২, ৩-৫% হলে ১, ৩%-এর কম হলে ০ এবং ২০০৬-০৭ আর্থিক বছরের তুলনায় কমে গেলে -২	৫		১. উপবিধি তৈরী হয়নি। ২. বার্ষিক ডিম্যান্ডের তালিকা তৈরী হয়নি। ৩. বার্ষিক ডিম্যান্ডের তালিকা তৈরী হলেও সেই অনুযায়ী সংগ্রহের জন্য যথেষ্ট উদ্যোগ নেওয়া হয়নি। ৪. রাজনৈতিক কারণে অভিকর/ফি/টোল আদায় সম্ভব নয়। ৫. এলাকায় অভিকর/ফি/টোল আদায়ের সুযোগ বেশী না থাকার কারণে নিজস্ব তহবিল বাড়ানো সম্ভব নয়। ৬. গত বছর আদায় ভালোই ছিল তাই এ বছর বৃদ্ধির পরিমাণ কম। ৭. নিজস্ব তহবিলের টাকায় কী করা হয় সে সম্বন্ধে মানুষের সন্দেহ আছে বলে সংগ্রহ বাড়ে না। ৮. নিজস্ব সম্পদ সংগ্রহের জন্য কাউকে সুনির্দিষ্টভাবে দায়িত্ব দেওয়া নেই। ৯. ক্যাশিয়ার ব্যস্ত থাকেন বলে জেলা পরিষদ অফিসে আদায় হয় না। ১০. সরকারের দেওয়া টাকা পুরো খরচ হয় না বলে এই রাজস্ব সংগ্রহের উপর জোর দেওয়া হয় না। ১১. আয়বর্ধক সম্পদ কাজে লাগিয়ে (পুকুর / খেয়াঘাট / খাস বা পতিত জমি / গাছ) আয় বাড়ানোর উদ্যোগ কম। ১২. জেলা পরিষদের হাতে যে সমস্ত পুকুর, খেয়াঘাট ইত্যাদি আছে সেখান থেকে আয় বাড়ানোর সুযোগ নেই। ১৩. অন্যান্য (উল্লেখ করুন) -
মোট			২০		

১৮. আর্থিক ব্যবস্থাপনা

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(ক) ক্যাশবই শেষ কবে লেখা হয়েছে? (যে তারিখে প্রতিবেদনটি লেখা হচ্ছে তার কত দিন আগে)		গত কাল হলে **৫**, বিগত ৩ দিনের মধ্যে হলে **৪**, বিগত ৪-৭ দিনের মধ্যে হলে **৩**, বিগত ৮-১৫ দিনের মধ্যে হলে **২**, বিগত ১৬-৩০ দিনের মধ্যে হলে **০** এবং ৩০ দিনেরও আগে হলে **-২**	৫		১. নিয়মিত ক্যাশবই লেখার রেওয়াজ নেই। ২. নিয়মিত ক্যাশবই লেখার উদ্যোগ নেওয়া হয় না। ৩. বিভিন্ন ব্যক্তি খরচ করেন তাই ভাউচারগুলি সময়মতো পাওয়া যায় না বলে ক্যাশবই নিয়মিত লেখা হয় না। ৪. দৈনিক ক্যাশবই লেখার প্রয়োজন অনুভূত হয়নি, তাই লেখা হয় না। ৫. দৈনিক ক্যাশবই লেখার সময় হয়না, তাই লেখা হয় না। ৬. সাবসিডিয়ারী ক্যাশবইগুলি সব লেখা হয় না বলে মূল ক্যাশবই সময়মতো লেখা হয় না। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -
(খ) সাবসিডিয়ারি ক্যাশবই শেষ কবে লেখা হয়েছে? (যে তারিখে প্রতিবেদনটি লেখা হচ্ছে তার কত দিন আগে)		গত কাল হলে **৫**, বিগত ৩ দিনের মধ্যে হলে **৪**, বিগত ৪-৭ দিনের মধ্যে হলে **৩**, বিগত ৮-১৫ দিনের মধ্যে হলে **২**, বিগত ১৬-৩০ দিনের মধ্যে হলে **০** এবং ৩০ দিনেরও আগে হলে **-২**	৫		১. নিয়মিত সাবসিডিয়ারি ক্যাশবইগুলি লেখার রেওয়াজ নেই। ২. নিয়মিত সাবসিডিয়ারি ক্যাশবইগুলি লেখার উদ্যোগ নেওয়া হয় না। ৩. বিভিন্ন ব্যক্তি খরচ করেন তাই ভাউচারগুলি সময়মতো পাওয়া যায় না বলে ক্যাশবই নিয়মিত লেখা হয় না। ৪. দৈনিক সাবসিডিয়ারি ক্যাশবইগুলি লেখার প্রয়োজন অনুভূত হয়নি, তাই লেখা হয় না। ৫. দৈনিক সাবসিডিয়ারি ক্যাশবইগুলি লেখার সময় হয়না, তাই লেখা হয় না। ৬. অন্যান্য (উল্লেখ করুন) -
(গ) দায়িত্বপ্রাপ্ত আধিকারিক শেষ কবে ক্যাশবইতে স্বাক্ষর করেছেন? (যে তারিখে প্রতিবেদনটি লেখা হচ্ছে তার কত দিন আগে)		গত কাল হলে **৫**, বিগত ৩ দিনের মধ্যে হলে **৪**, বিগত ৪-৭ দিনের মধ্যে হলে **৩**, বিগত ৮-১৫ দিনের মধ্যে হলে **২**, বিগত ১৬-৩০ দিনের মধ্যে হলে **০** এবং ৩০ দিনেরও আগে হলে **-২**	৫		১. নিয়মিত ক্যাশবই হালনাগাদ করা হয় না বলে সই করার সুযোগ নেই। ২. নিয়মিত ক্যাশবই সই করার রেওয়াজ নেই। ৩. দায়িত্বপ্রাপ্ত আধিকারিক নিয়মিত জেলা পরিষদে আসেন না। ৪. নিয়মিত ক্যাশবই সই করার প্রয়োজন অনুভূত হয়নি। ৫. অন্য কাজের চাপে নিয়মিত ক্যাশবই সই করার সময় হয়না। ৬. অন্যান্য (উল্লেখ করুন) -
(ঘ) ১লা এপ্রিল ২০০৮ তারিখে কত টাকা লিক্যুইড ক্যাশ ছিল? (ইম্প্রেস্ট ক্যাশ বাদে)		১ টাকাও না থাকলে **৫**, ১ - ৫০০০ টাকা থাকলে **৪**, ৫০০১ - ১০০০০ টাকা থাকলে **৩**, ১০০০১ - ১৫০০০ টাকা থাকলে **২**, ১৫০০১ - ২৫০০০ টাকা থাকলে **১**, ২৫০০১ - ৩০০০০ টাকা থাকলে **০** এবং ৩০০০০ টাকার বেশী থাকলে **-২**	৫		১. লিক্যুইড ক্যাশ রাখা যায় না জানা ছিল না। ২. বিভিন্ন প্রয়োজনে সবসময়ই কিছু লিক্যুইড ক্যাশ হাতে রাখতে হয়। ৩. কর্মকর্তাদের চাপে টাকা তুলে দেওয়া হয়েছে। ৪. আধিকারিকদের চাপে টাকা তুলে দেওয়া হয়েছে। ৫. বিভিন্ন স্থানীয় চাপসৃষ্টিকারীর দাবীতে টাকা তুলে দেওয়া হয়েছে। ৬. জেলা পরিষদের কর্মচারীর প্রয়োজনে টাকা তুলে দেওয়া হয়েছে। ৭. কত টাকা লাগবে তার হিসাব ভুল ছিল, পরে আর বাড়তি টাকা জমা দেওয়া হয়নি। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -

পরের পাতায়.....

১৮. আর্থিক ব্যবস্থাপনা (চলছে)

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(ঙ) ১লা এপ্রিল ২০০৮ তারিখে যে লিক্যুইড ক্যাশ আছে তা কতদিন আগে তোলা হয়েছে?		কোনো লিক্যুইড ক্যাশ নেই বা ঐ দিন বা তার আগের দিন টাকা তোলা হয়েছে এমন হলে **৫**, ২ দিন আগে টাকা তোলা হয়েছে এমন হলে **৪**, ৩ দিন আগে টাকা তোলা হয়েছে এমন হলে **৩**, ৪-৫ দিন আগে টাকা তোলা হয়েছে এমন হলে **২**, ৬-১৫ দিন আগে টাকা তোলা হয়েছে এমন হলে **০** এবং ১৫ দিনের আগে থেকে টাকা তোলা থাকলে **-২**	৫		১. বার বার টাকা তোলা অসুবিধাজনক, তাই একবারে টাকা তুলে রাখা হয়। ২. টাকা তুলতে যাবার লোক পাওয়া যায় না, তাই একবারে বেশী করে তুলে রাখা হয়। ৩. বার বার টাকা তুলে আনায় বিপদের সম্ভাবনা বেড়ে যায়, তাই একবারে বেশী করে তুলে রাখা হয়। ৪. এই নিয়ম অনেকদিন চলে আসছে, পাল্টাবার কোনো প্রয়োজন অনুভূত হয়নি। ৫. টাকা তুলে রাখায় অনেক সুবিধা তাই একবারে তুলে রাখা হয়। ৬. কর্মকর্তাদের চাপে অনেকদিন টাকা তুলে রাখতে হয়। ৭. আধিকারিকদের চাপে সবসময়ই বেশ কিছু টাকা হাতে রাখতে হয়। ৮. বিভিন্ন স্থানীয় চাপসৃষ্টিকারীর দাবীতে টাকা তুলে রাখতে হয়। ৯. জেলা পরিষদের কর্মচারীর চাপে অনেকদিন টাকা তুলে রাখতে হয়। ১০. কত টাকা লাগবে তার হিসাব ভুল ছিল, পরে আর বাড়তি টাকা জমা দেওয়া হয়নি। ১১. অন্যান্য (উল্লেখ করুন) -
(চ) Integrated Fund Monitoring and Accounting System (IFMAS) চালু হয়েছে কি এবং কী অবস্থায় আছে? (যে কোনো একটিতে ✓ দিন)	(১) চালু হয়েছে এবং ক্যাশবই হাতে লেখা হয় না (২) চালু হয়েছে কিন্তু ক্যাশবই হাতে লেখা হয় (৩) চালু হয়েছে বটে কিন্তু রিপোর্ট ইত্যাদি হাতে লেখা ক্যাশবই থেকেই তৈরি করা হয়	চালু হয়েছে এবং ক্যাশবই হাতে লেখা হয় না এমন হলে **৫**, চালু হয়েছে কিন্তু ক্যাশবই হাতে লেখা হয় এমন হলে **২** এবং চালু হয়েছে বটে কিন্তু রিপোর্ট ইত্যাদি হাতে লেখা ক্যাশবই থেকেই তৈরি করা হয় এমন হলে **০**	৫		১. সফট্ওয়্যারটি লাগানো হয়েছিল কিন্তু কর্মচারীরা এটি ব্যবহার করতে চান না। ২. প্রশিক্ষণ নেওয়ার পর অনেকদিন ব্যবহার না হওয়ায় কর্মচারীরা ঠিক সড়গড় হয়ে উঠতে পারেননি। ৩. প্রশিক্ষণ যথেষ্ট হয় নি। ৪. যাঁরা প্রশিক্ষণ পেয়েছেন, তাঁদের দু-একজন গুরুত্বপূর্ণ ব্যক্তি এখন আর নেই তাই অসুবিধা হচ্ছে। ৫. সফট্ওয়্যার ব্যবহারে সমস্যা হলে সমাধান কোথায় পাওয়া যাবে জানা নেই বলে ব্যবহার করা হয় না। ৬. সফটওয়্যার ব্যবহারে কাজ বেড়েই যাবে কমবে না এই ধারণা থেকে ব্যবহার করা হয় না। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -
মোট			৩০		
প্রকৃত প্রাপ্ত নম্বর (= মোট প্রাপ্ত নম্বর ÷ ৩)			১০		

জেলা পরিষদের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৭-০৮)

১৯. নিরীক্ষা

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(ক) শেষ বিধিবদ্ধ নিরীক্ষার (Statutory Audit by Examiner of Local Accounts) প্রতিবেদন জেলা পরিষদের সাধারণ সভায় পেশ করে আলোচনা হয়েছে কি? (হ্যাঁ/না)		হ্যাঁ হলে **২**, না হলে **০**	২		১. নিরীক্ষা প্রতিবেদন সাধারণ সভায় পেশ করতে হয় জানা ছিল না। ২. এই কাজের প্রয়োজনীয়তা অনুভূত হয়নি। ৩. নিরীক্ষা প্রতিবেদন নিয়ে কেউ উৎসাহিত নন, তাই সাধারণ সভায় তা পেশ করা হয়নি। ৪. নিরীক্ষায় জেলা পরিষদের পরিচালন ব্যবস্থা সম্পর্কে অনেক গলদ বেরিয়েছে যা সাধারণ সভায় পেশ করা সমীচীন হবে না বলে ভাবা হয়েছে। ৫. নিরীক্ষা প্রতিবেদন সংক্রান্ত অনেক অসন্তোষ আছে, তাই সাধারণ সভায় প্রতিবেদন পেশ করা হচ্ছে না। ৬. নিরীক্ষা প্রতিবেদন পেশ করা নিয়ে রাজনৈতিক/দলগত নিষেধ আছে, তাই সাধারণ সভায় তা পেশ করা হচ্ছে না। ৭. নিরীক্ষা প্রতিবেদন উত্তরসহ পেশ করা উচিৎ যা তৈরী করা সময়সাপেক্ষ, তাই আর প্রতিবেদন পেশ করা যায় না। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -
(খ) ১লা এপ্রিল ২০০৮ তারিখে কতগুলি অডিট প্যারার কোনোরকম উত্তর দিতে বাকী ছিল? (উত্তরের ঘরে যে ক'টি অডিট প্যারার উত্তর দিতে বাকী ছিল সেই সংখ্যাটি লিখুন)		কোনো প্যারার উত্তর দেওয়া বাকী নেই এমন হলে **৬**, অর্ধেক বা তার কম প্যারার উত্তর দেওয়া বাকী থাকলে **৩**, অর্ধেকের বেশী প্যারার উত্তর দেওয়া বাকী থাকলে **১** এবং একটিও উত্তর দেওয়া না হলে **-২**	৬		১. অডিট প্যারার উত্তর দেওয়ার কোনো গুরুত্ব আছে বলে ভাবা হয়নি। ২. অডিট প্যারার উত্তর কিভাবে দিতে হবে জানা নেই। ৩. অডিট প্যারার সংখ্যা অনেক তাই সবকটির উত্তর দেওয়া যায়নি। ৪. অনেকগুলি অডিট প্যারারই কোনো সদুত্তর জানা নেই, তাই কোনোরকম উত্তরও দেওয়া হয়নি। ৫. অনেকগুলি অডিট প্যারা ভালো করে বোঝা যায় নি তাই কোনোরকম উত্তরও দেওয়া হয়নি। ৬. অনেক অডিট প্যারা ভুল বা অর্থহীন এবং রাজ্য সরকার তা বুঝবেন ভেবে উত্তর দেওয়ার প্রয়োজন আছে বলে মনে হয় নি। ৭. উত্তর দিলে আগে যাঁরা পদাধিকারী বা কর্মচারী ছিলেন তাঁরা অসুবিধায় পড়তে পারেন ভেবে উত্তর দেওয়া হয়নি। ৮. উদ্যোগের অভাবে উত্তর দেওয়া হয়নি। ৯. অন্যান্য কাজের চাপে উত্তর দেওয়া যায়নি। ১০. অন্যান্য (উল্লেখ করুন) -

পরের পাতায়.....

জেলা পরিষদের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৭-০৮)

১৯. নিরীক্ষা (চলছে)

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(গ) শেষ বিধিবদ্ধ নিরীক্ষার প্রতিবেদনে (Statutory Audit by Examiner of Local Accounts) যে সমস্ত প্রশ্ন তোলা হয়েছে তার ভিত্তিতে কিভাবে ব্যবস্থা নেওয়া হয়েছে? (যে কোনো একটিতে ✓ দিন)	(১) সমস্ত ব্যবস্থা নির্ধারিত সময়ের মধ্যে নেওয়া হয়েছে (২) কিছু ব্যবস্থা নির্ধারিত সময়ের মধ্যে ও কিছু ব্যবস্থা নির্ধারিত সময়ের পরে নেওয়া হয়েছে (৩) সমস্ত ব্যবস্থা নির্ধারিত সময়ের পরে নেওয়া হয়েছে (৪) কিছু ব্যবস্থা নির্ধারিত সময়ের পরে নেওয়া হয়েছে (৫) কোনো ব্যবস্থা নেওয়া হয়নি	সমস্ত ব্যবস্থা নির্ধারিত সময়ের মধ্যে নেওয়া হলে **৫**, কিছু ব্যবস্থা নির্ধারিত সময়ের মধ্যে ও কিছু ব্যবস্থা নির্ধারিত সময়ের পরে নেওয়া হলে **৩**, সমস্ত ব্যবস্থা নির্ধারিত সময়ের পরে নেওয়া হলে **১**, কিছু ব্যবস্থা নির্ধারিত সময়ের পরে নেওয়া হলে **০** এবং কোনো ব্যবস্থা না নেওয়া হলে **-২**	৫		১. নিরীক্ষা প্রতিবেদনের প্রশ্ন নিয়ে কি করণীয় জানা নেই। ২. নিরীক্ষা প্রতিবেদনের প্রশ্ন নিয়ে কিভাবে ব্যবস্থা নেওয়া যাবে জানা নেই। ৩. নিরীক্ষা প্রতিবেদনের অনেক প্রশ্নেরই সদুত্তর জানা নেই, তাই কোনো ব্যবস্থাও নেওয়া হয় না। ৪. আগে এইসব প্রশ্নের উত্তর দিয়ে দেখা গেছে তাতে কোনো ফল হয় না। ৫. ব্যবস্থা নেওয়া হয় কিন্তু তা নিতে অনেক কারণে দেরী হয়ে যায়। ৬. নিরীক্ষা প্রতিবেদনের অনেক প্রশ্ন ভালো করে বোঝা যায় না তাই কোনো ব্যবস্থাও নেওয়া যায়নি। ৭. নিরীক্ষা প্রতিবেদনের তোলা অনেক প্রশ্ন নিয়ে জেলা পরিষদ সহমত পোষণ করে না, তাই সেগুলি সংক্রান্ত কোনো ব্যবস্থাও নেওয়া হয় নি। ৮. অনেক প্রশ্নে যেসব শাস্তিমূলক ব্যবস্থার কথা উঠে আসে তা রাজনৈতিক/মানবিক কারণে নেওয়া যাবে না বলে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। ৯. উদ্যোগের অভাবে ব্যবস্থা নেওয়া হয়নি। ১০. অন্যান্য কাজের চাপে ব্যবস্থা নেওয়া যায়নি। ১১. অন্যান্য (উল্লেখ করুন) -
(ঘ) শেষ অভ্যন্তরীণ নিরীক্ষার (Internal Audit) প্রতিবেদন জেলা পরিষদের সাধারণ সভায় পেশ করে আলোচনা হয়েছে কি? (হ্যাঁ/না)		হ্যাঁ হলে **২**, না হলে **০**	২		১. অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন সাধারণ সভায় পেশ করতে হয় জানা ছিল না। ২. এই কাজের প্রয়োজনীয়তা অনুভূত হয়নি। ৩. নিরীক্ষা প্রতিবেদন নিয়ে কেউ উৎসাহিত নন, তাই সাধারণ সভায় তা পেশ করা হয়নি। ৪. অভ্যন্তরীণ নিরীক্ষায় জেলা পরিষদের পরিচালন ব্যবস্থা সম্পর্কে অনেক গলদ বেরিয়েছে যা সাধারণ সভায় পেশ করা সমীচিন হবে না বলে ভাবা হয়েছে। ৫. নিরীক্ষা প্রতিবেদন সংক্রান্ত অনেক অসন্তোষ আছে, তাই সাধারণ সভায় প্রতিবেদন পেশ করা হচ্ছে না। ৬. নিরীক্ষা প্রতিবেদন পেশ করা নিয়ে রাজনৈতিক/দলগত নিষেধ আছে, তাই সাধারণ সভায় তা পেশ করা হচ্ছে না। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -

পরের পাতায়.....

জেলা পরিষদের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৭-০৮)

১৯. নিরীক্ষা (চলছে)

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(ঙ) শেষ অভ্যন্তরীণ নিরীক্ষার (Internal Audit) প্রতিবেদনে যে সমস্ত প্রশ্ন তোলা হয়েছে তার ভিত্তিতে কিভাবে ব্যবস্থা নেওয়া হয়েছে? (যে কোনো একটিতে ✓ দিন)	(১) সমস্ত ব্যবস্থা নির্ধারিত সময়ের মধ্যে নেওয়া হয়েছে (২) কিছু ব্যবস্থা নির্ধারিত সময়ের মধ্যে ও কিছু ব্যবস্থা নির্ধারিত সময়ের পরে নেওয়া হয়েছে (৩) সমস্ত ব্যবস্থা নির্ধারিত সময়ের পরে নেওয়া হয়েছে (৪) কিছু ব্যবস্থা নির্ধারিত সময়ের পরে নেওয়া হয়েছে (৫) কোনো ব্যবস্থা নেওয়া হয়নি	সমস্ত ব্যবস্থা নির্ধারিত সময়ের মধ্যে নেওয়া হলে **৫**, কিছু ব্যবস্থা নির্ধারিত সময়ের মধ্যে ও কিছু ব্যবস্থা নির্ধারিত সময়ের পরে নেওয়া হলে **৩**, সমস্ত ব্যবস্থা নির্ধারিত সময়ের পরে নেওয়া হলে **১**, কিছু ব্যবস্থা নির্ধারিত সময়ের পরে নেওয়া হলে **০** এবং কোনো ব্যবস্থা না নেওয়া হলে **-২**	৫		১. নিরীক্ষা প্রতিবেদনের প্রশ্ন নিয়ে কি করণীয় জানা নেই। ২. নিরীক্ষা প্রতিবেদনের প্রশ্ন নিয়ে কিভাবে ব্যবস্থা নেওয়া যাবে জানা নেই। ৩. নিরীক্ষা প্রতিবেদনের অনেক প্রশ্নেরই সদুত্তর জানা নেই, তাই কোনো ব্যবস্থাও নেওয়া হয় না। ৪. ব্যবস্থা নেওয়া হয় কিন্তু তা নিতে অনেক কারণে দেরী হয়ে যায়। ৫. নিরীক্ষা প্রতিবেদনের অনেক প্রশ্ন ভালো করে বোঝা যায় না তাই কোনো ব্যবস্থাও নেওয়া যায়নি। ৬. নিরীক্ষা প্রতিবেদনের তোলা অনেক প্রশ্ন নিয়ে জেলা পরিষদ সহমত পোষণ করে না, তাই সেগুলি সংক্রান্ত কোনো ব্যবস্থাও নেওয়া হয় নি। ৭. কিছু প্রশ্ন অনুযায়ী ব্যবস্থা নিতে হলে অনেক কাজ বেড়ে যায় বলে ব্যবস্থা নেওয়া হয়নি। ৮. অনেক প্রশ্নে যেসব শাস্তিমূলক ব্যবস্থার কথা উঠে আসে তা রাজনৈতিক/মানবিক কারণে নেওয়া যাবে না বলে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। ৯. অভ্যন্তরীণ নিরীক্ষা তেমন গুরুত্বপূর্ণ নয় ভেবে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। ১০. উদ্যোগের অভাবে ব্যবস্থা নেওয়া হয়নি। ১১. অন্যান্য কাজের চাপে ব্যবস্থা নেওয়া যায়নি। ১২. অন্যান্য (উল্লেখ করুন) -
মোট			২০		
প্রকৃত প্রাপ্ত নম্বর (= মোট প্রাপ্ত নম্বর ÷ ২)			১০		

জেলা পরিষদের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৭-০৮)

২০. অর্থের সদ্ব্যবহার

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(ক) ২০০৭-০৮ আর্থিক বছরে মোট প্রাপ্ত অর্থের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ ব্যয় হয়েছে?	মোট প্রাপ্ত অর্থ: মোট ব্যয়: প্রাপ্ত অর্থের কত শতাংশ ব্যয়:	৯০-১০০% হলে **২০**, ৮০-৮৯% হলে **১৬**, ৭০-৭৯% হলে **১২**, ৬০-৬৯% হলে **৮**, ৫০-৫৯% হলে **৪** এবং ৫০%-এর কম হলে **০**	২০		১. আগে থেকে কাজের পরিকল্পনা করা ছিল না বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ২. আগে থেকে কাজের প্ল্যান/এস্টিমেট তৈরী করা ছিল না বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৩. টাকা আসার পর কোন কাজটি করা হবে সেই সিদ্ধান্ত নিতে দেরী হয়েছে বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৪. রাজ্য সরকারের বিভিন্ন দপ্তর থেকে ডিজাইন/প্ল্যান/এস্টিমেট দেরী করে ভেটিং হওয়ায় বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৫. দায়িত্বপ্রাপ্ত ঠিকাদাররা দেরী করে কাজ করায় বেশী অর্থ ব্যয় হয়নি। ৬. বেশ কিছু টাকা ফেব্রুয়ারী/মার্চ মাসে পাওয়া গেছে বলে সেই অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৭. সভাধিপতি / সহকারী সভাধিপতির উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ৮. জেলা পরিষদের কর্মচারীর উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ৯. কয়েকটি স্থায়ী সমিতির সঞ্চালকের উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ১০. কিছু জেলা পরিষদের সদস্যের উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ১১. বিরোধী দলের বাধায় বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ১২. কাজের জন্য পাশের জমি ব্যবহার করা নিয়ে অসন্তোষে অনেক কাজ শুরু করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয়নি। ১৩. অন্যান্য (উল্লেখ করুন) -
(খ) ২০০৭-০৮ আর্থিক বছরে গ্রামীণ জল সরবরাহ (RWS) প্রকল্পে প্রাপ্ত অর্থের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ ব্যয় হয়েছে?	মোট প্রাপ্ত অর্থ: মোট ব্যয়: প্রাপ্ত অর্থের কত শতাংশ ব্যয়:	৯০-১০০% হলে **১০**, ৮০-৮৯% হলে **৮**, ৭০-৭৯% হলে **৬**, ৬০-৬৯% হলে **৪**, ৫০-৫৯% হলে **২** এবং ৫০%-এর কম হলে **০**	১০		১. আগে থেকে কাজের পরিকল্পনা করা ছিল না বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ২. আগে থেকে কাজের প্ল্যান/এস্টিমেট তৈরী করা ছিল না বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৩. টাকা আসার পর কোন কাজটি করা হবে সেই সিদ্ধান্ত নিতে দেরী হয়েছে বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৪. রাজ্য সরকারের সংশ্লিষ্ট বিভাগ থেকে কারিগরি সহায়তা পেতে দেরী হওয়ায় বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৫. বেশ কিছু টাকা ফেব্রুয়ারী/মার্চ মাসে পাওয়া গেছে বলে সেই অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৬. সভাধিপতি / সহকারী সভাধিপতির উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ৭. জেলা পরিষদের কর্মচারীর উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ৮. জনস্বাস্থ্য ও পরিবেশ স্থায়ী সমিতির সঞ্চালকের উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ৯. কিছু জেলা পরিষদের সদস্যের উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ১০. বিরোধী দলের বাধায় বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ১১. অন্যান্য (উল্লেখ করুন) -

পরের পাতায়.....

২০. অর্থের সদ্ব্যবহার (চলছে)

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(গ) ২০০৭-০৮ আর্থিক বছরে দ্বাদশ অর্থ কমিশনের প্রাপ্ত অর্থের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ ব্যয় হয়েছে?	মোট প্রাপ্ত অর্থ: মোট ব্যয়: প্রাপ্ত অর্থের কত শতাংশ ব্যয়:	৯০-১০০% হলে **১০**, ৮০-৮৯% হলে **৮**, ৭০-৭৯% হলে **৬**, ৬০-৬৯% হলে **৪**, ৫০-৫৯% হলে **২** এবং ৫০%-এর কম হলে **০**	১০		১. আগে থেকে কাজের পরিকল্পনা করা ছিল না বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ২. আগে থেকে কাজের প্ল্যান/এস্টিমেট তৈরী করা ছিল না বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৩. টাকা আসার পর কোন কাজটি করা হবে সেই সিদ্ধান্ত নিতে দেরী হয়েছে বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৪. দায়িত্বপ্রাপ্ত ঠিকাদাররা দেরী করে কাজ করায় বেশী অর্থ ব্যয় হয়নি। ৫. বেশ কিছু টাকা ফেব্রুয়ারী/মার্চ মাসে পাওয়া গেছে বলে সেই অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৬. সভাধিপতি / সহকারী সভাধিপতির উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ৭. জেলা পরিষদের কর্মচারীর উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ৮. কয়েকটি স্থায়ী সমিতির সঞ্চালকের উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ৯. কিছু জেলা পরিষদের সদস্যের উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ১০. বিরোধী দলের বাধায় বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ১১. অন্যান্য (উল্লেখ করুন) -
(ঘ) ২০০৭-০৮ আর্থিক বছরে রাজ্য অর্থ কমিশনের প্রাপ্ত অর্থের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ ব্যয় হয়েছে?	মোট প্রাপ্ত অর্থ: মোট ব্যয়: প্রাপ্ত অর্থের কত শতাংশ ব্যয়:	৯০-১০০% হলে **১০**, ৮০-৮৯% হলে **৮**, ৭০-৭৯% হলে **৬**, ৬০-৬৯% হলে **৪**, ৫০-৫৯% হলে **২** এবং ৫০%-এর কম হলে **০**	১০		১. আগে থেকে কাজের পরিকল্পনা করা ছিল না বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ২. আগে থেকে কাজের প্ল্যান/এস্টিমেট তৈরী করা ছিল না বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৩. টাকা আসার পর কোন কাজটি করা হবে সেই সিদ্ধান্ত নিতে দেরী হয়েছে বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৪. দায়িত্বপ্রাপ্ত ঠিকাদাররা দেরী করে কাজ করায় বেশী অর্থ ব্যয় হয়নি। ৫. বেশ কিছু টাকা ফেব্রুয়ারী/মার্চ মাসে পাওয়া গেছে বলে সেই অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৬. সভাধিপতি / সহকারী সভাধিপতির উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ৭. জেলা পরিষদের কর্মচারীর উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ৮. কয়েকটি স্থায়ী সমিতির সঞ্চালকের উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ৯. কিছু জেলা পরিষদের সদস্যের উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ১০. বিরোধী দলের বাধায় বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ১১. অন্যান্য (উল্লেখ করুন) -

পরের পাতায়.....

২০. অর্থের সদ্ব্যবহার (চলছে)

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(ঙ) ২০০৭-০৮ আর্থিক বছরে গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল (RIDF) থেকে প্রাপ্ত অর্থের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ ব্যয় হয়েছে?	মোট প্রাপ্ত অর্থ: মোট ব্যয়: প্রাপ্ত অর্থের কত শতাংশ ব্যয়:	৯০-১০০% হলে **৫**, ৮০-৮৯% হলে **৪**, ৭০-৭৯% হলে **৩**, ৬০-৬৯% হলে **২**, ৫০-৫৯% হলে **১** এবং ৫০%-এর কম হলে **০**	৫		১. আগে থেকে কাজের পরিকল্পনা করা ছিল না বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ২. আগে থেকে কাজের প্ল্যান/এস্টিমেট তৈরী করা ছিল না বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৩. টাকা আসার পর কোন কাজটি করা হবে সেই সিদ্ধান্ত নিতে দেরী হয়েছে বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৪. দায়িত্বপ্রাপ্ত ঠিকাদাররা দেরী করে কাজ করায় বেশী অর্থ ব্যয় হয়নি। ৫. বেশ কিছু টাকা ফেব্রুয়ারী/মার্চ মাসে পাওয়া গেছে বলে সেই অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৬. সভাধিপতি / সহকারী সভাধিপতির উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ৭. জেলা পরিষদের কর্মচারীর উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ৮. কয়েকটি স্থায়ী সমিতির সঞ্চালকের উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ৯. কিছু জেলা পরিষদের সদস্যের উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ১০. বিরোধী দলের বাধায় বিশেষ কাজ করা যায়নি, তাই বেশী অর্থ ব্যয় হয় নি। ১১. অন্যান্য (উল্লেখ করুন) -
(চ) অর্থের দ্রুত সদ্ব্যবহারের জন্য ২০০৭-০৮ আর্থিক বছরের কটি মাসের শেষে কোন খাতে কত অর্থ অব্যয়িত আছে তা নিয়ে আলোচনা করে ব্যবস্থা নেওয়া হয়েছে?		প্রতি মাসের শেষে (১২ বার) আলোচনা করে নির্দিষ্ট ব্যবস্থা নেওয়া হলে **১০**, ৮-১১টি মাসের শেষে আলোচনা করে নির্দিষ্ট ব্যবস্থা নেওয়া হলে **৮**, ৬-৭টি মাসের শেষে আলোচনা করে নির্দিষ্ট ব্যবস্থা নেওয়া হলে **৬**, ৪-৫টি মাসের শেষে আলোচনা করে নির্দিষ্ট ব্যবস্থা নেওয়া হলে **৪** এবং ৪টির কম মাসের শেষে আলোচনা করা হলে বা নিয়মিত ব্যবস্থা নেওয়া না হলে **০**	১০		১. প্রত্যেক মাসে এইরকম বৈঠক ডাকার রেওয়াজ নেই। ২. প্রত্যেক মাসে এইরকম বৈঠক ডাকার প্রয়োজনীয়তা বোঝা যায়নি। ৩. প্রত্যেক মাসে এইরকম বৈঠক ডাকার উদ্যোগ নেওয়া হয় নি। ৪. বৈঠক ডাকা হয়েছিল, কিন্তু সেগুলিতে অন্য বিষয় নিয়ে আলোচনা হয়েছিল। ৫. বৈঠকে আলোচনা হয়েছিল কিন্তু তার ভিত্তিতে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। ৬. অন্যান্য (উল্লেখ করুন) -

পরের পাতায়.....

২০. অর্থের সদ্ব্যবহার (চলছে)

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(ছ) বরাদ্দ পাওয়ার দিন থেকে গড়ে কত দিনের মধ্যে কাজ শুরুর সিদ্ধান্ত নেওয়া হয়?		৭ দিনের মধ্যে হলে **১০**, ৭ দিনের পরে কিন্তু ১৪ দিনের মধ্যে হলে **৮**, ১৪ দিনের পরে কিন্তু ১ মাসের মধ্যে হলে **৫**, ১ মাসের পরে কিন্তু ২ মাসের মধ্যে হলে **২**, ২ মাসের পরে কিন্তু ৩ মাসের মধ্যে হলে **০** এবং ৩ মাসের পরে হলে **-২**	১০		১. আগে থেকে কাজের পরিকল্পনা করা ছিল না বলে কাজ শুরু করা যায়নি। ২. আগে থেকে কাজের প্ল্যান/এস্টিমেট তৈরী করা ছিল না বলে কাজ শুরু করা যায়নি। ৩. টাকা আসার পর কোন কাজটি করা হবে সেই সিদ্ধান্ত নিতে দেরী হয়েছে বলে কাজ শুরু করা যায়নি। ৪. ঠিকাদার নিয়োগ করতে অনেক সময় লেগেছে বলে কাজ শুরু করতে দেরী হয়েছে। ৫. সভাধিপতি / সহকারী সভাধিপতির উদ্যোগের অভাবে কাজ শুরু করা যায়নি। ৬. জেলা পরিষদের কর্মচারীর উদ্যোগের অভাবে কাজ শুরু করা সম্ভব হয়নি। ৭. কয়েকটি স্থায়ী সমিতির সঞ্চালকের উদ্যোগের অভাবে কাজ দ্রুত শুরু করা সম্ভব হয়নি। ৮. কিছু জেলা পরিষদের সদস্যের উদ্যোগের অভাবে কাজ দ্রুত শুরু করা সম্ভব হয়নি। ৯. বিরোধী দলের বাধায় কাজ দ্রুত শুরু করা সম্ভব হয়নি। ১০. কাজের জন্য পাশের জমি ব্যবহার করা নিয়ে অসন্তোষে অনেক কাজ দ্রুত শুরু করা যায়নি। ১১. অন্যান্য (উল্লেখ করুন) -
(জ) কাজ শুরুর সিদ্ধান্ত নেওয়ার দিন থেকে গড়ে কত দিনের মধ্যে ওয়ার্ক অর্ডার ইস্যু করা হয়?		৩০ দিনের মধ্যে হলে **১০**, ৩০ দিনের পরে কিন্তু ৬০ দিনের মধ্যে হলে **৫**, ৬০ দিনের পরে কিন্তু ৯০ দিনের মধ্যে হলে **০** এবং ৯০ দিনের পরে হলে **-২**	১০		১. প্ল্যান/এস্টিমেট করতে দেরি হয় বলে ওয়ার্ক অর্ডার দিতে দেরি হয়। ২. ভেটিং-এ দেরী হয় বলে ওয়ার্ক অর্ডার দিতে দেরি হয়। ৩. বিভিন্ন কর্মচারীর ও আধিকারিকের কাজের সমন্বয়ের অভাব আছে বলে ঠিক সময়ে ওয়ার্ক অর্ডার দিতে দেরি হয়। ৪. সভাধিপতি/কর্মাধ্যক্ষরা ফাইল সই করতে দেরি করেন বলে ওয়ার্ক অর্ডার দিতে দেরি হয়। ৫. ফিনান্সিয়াল কন্ট্রোলার অ্যান্ড চিফ অ্যাকাউন্টস অফিসারের কাছে দেরি হয় বলে ওয়ার্ক অর্ডার দিতে দেরি হয়। ৬. ঠিকাদার নিয়োগ করতে অনেক সময় লেগেছে বলে কাজ শুরু করতে দেরী হয়েছে। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -
(ঝ) কত শতাংশ স্কীমের কাজ নির্ধারিত সময় ও এস্টিমেটের মধ্যে (দুটি বিষয় একত্রে) সম্পূর্ণ করা সম্ভব হয়েছে?		৮০% বা তার বেশী স্কীমের কাজ নির্ধারিত সময় ও এস্টিমেটের মধ্যে সম্পূর্ণ করা সম্ভব হলে **১০**, ৬০-৭৯% স্কীমের কাজ নির্ধারিত সময় ও এস্টিমেটের মধ্যে সম্পূর্ণ করা সম্ভব হলে **৫** এবং ৬০%-এর কম স্কীমের কাজ নির্ধারিত সময় ও এস্টিমেটের মধ্যে সম্পূর্ণ করা সম্ভব হলে **০**	১০		১. জমির সমস্যার জন্য কাজ শেষ হতে দেরি হয়। ২. উপকরণ সরবরাহে দেরি হয় বলে কাজ শেষ হতে দেরি হয়। ৩. কন্ট্রাকটর তার কোনো সুবিধার জন্য দেরি করে বলে কাজ শেষ হতে দেরি হয়। ৪. আংশিক অ্যাডভান্স দিতে দেরি হয় বলে কাজ শেষ হতে দেরি হয়। ৫. কাজ শুরু করার পর স্থানীয় মানুষের চাহিদা অনুযায়ী কাজ করতে গিয়ে সময় ও এস্টিমেট বদল করতে হয়। ৬. রাজনৈতিক দল থেকে হস্তক্ষেপের কারণে কাজ শেষ হতে দেরি হয়। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -

পরের পাতায়.....

২০. অর্থের সদ্ব্যবহার (চলছে)

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(ঞ) ২০০৭-০৮ আর্থিক বছরে জেলা পরিষদের নিজস্ব তহবিলের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ ব্যয় হয়েছে?	মোট নিজস্ব তহবিল: নিজস্ব তহবিল থেকে মোট ব্যয়: নিজস্ব তহবিলের কত শতাংশ ব্যয়:	৯০-১০০% হলে ১০, ৮০-৮৯% হলে ৮, ৭০-৭৯% হলে ৬, ৬০-৬৯% হলে ৪, ৫০-৫৯% হলে ২ এবং ৫০%-এর কম হলে ০	১০		১. আগে থেকে কাজের পরিকল্পনা করা ছিল না বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ২. আগে থেকে কাজের প্ল্যান/এস্টিমেট তৈরী করা ছিল না বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৩. কোন কাজটি করা হবে সেই সিদ্ধান্ত নিতে দেরী হয়েছে বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৪. নিজস্ব তহবিলের বেশীর ভাগ টাকাই বছরের শেষ দিকে সংগৃহীত হয়েছে তাই বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৫. নিজস্ব তহবিল সম্ভাব্য খরচের জন্য ধরে রাখা থাকে তাই বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৬. নিজস্ব তহবিলের টাকা দীর্ঘমেয়াদী আমানত করে রাখলে লাভ হবে বলে ব্যবহার করা হয়নি। ৭. কয়েক বছরের টাকা জমিয়ে রাখলে কোনো একটা বড় কাজে হাত দেওয়া যাবে এই ভেবে টাকা ধরে রাখা হয়েছে। ৮. নিজস্ব তহবিলের টাকায় কী করা হবে সে সম্পর্কে সুনির্দিষ্ট ভাবনা নেই। ৯. জনপ্রতিনিধিদের উদ্যোগের অভাবে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ১০. কর্মচারীদের উদ্যোগের অভাবে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ১১. ঠিকাদার নিয়োগ করতে অনেক সময় লেগেছে বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ১২. অন্যান্য (উল্লেখ করুন) -
(ট) ২০০৭-০৮ আর্থিক বছরে জেলা পরিষদের নিজস্ব তহবিলের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ অফিস পরিচালনার জন্য ব্যয় হয়েছে?	অফিস পরিচালনার জন্য ব্যয়: কত শতাংশ ব্যয়:	১০%-এর কম হলে **৫**, ১০-১৪% হলে **৪**, ১৫-১৯% হলে **৩**, ২০-২৪% হলে **২**, ২৫-২৯% হলে **১**, ৩০-৪৯% হলে **০**, ৫০-৫৯% হলে **-১**, এবং ৬০% বা তার বেশী হলে **-২**	৫		১. অফিস পরিচালনায় প্রচুর ব্যয় হয় এবং তার জন্য নিজস্ব তহবিল ছাড়া অন্য কোনো উৎস নেই। ২. জেলা পরিষদের নিজস্ব তহবিলের পরিমাণ কম, তাই শতাংশের হিসাবে অফিস পরিচালনায় ব্যয় বেশী। ৩. সদস্যদের দাবীতে বিভিন্ন সভায় প্রচুর অর্থ ব্যয় হয়। ৪. কর্মচারীদের দাবীতে যাতায়াত ভাতায় প্রচুর অর্থ ব্যয় হয়। ৫. সব উন্নয়ন বা পরিষেবামূলক কাজ সরকারী টাকায় করা যাবে এই ধারণা থেকে নিজস্ব তহবিলের টাকা অফিস পরিচালনায় ব্যয় করা হয়। ৬. অফিস পরিচালনা ছাড়া অন্য কী করা যেতে পারে সে সম্পর্কে সুনির্দিষ্ট ভাবনা নেই। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -

পরের পাতায়.....

২০. অর্থের সদ্ব্যবহার (চলছে)

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(ঠ) ২০০৭-০৮ আর্থিক বছরে জেলা পরিষদের নিজস্ব তহবিলের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ বিভিন্ন সামাজিক কর্মসূচিতে (যেমন শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি এবং নারী ও শিশু উন্নয়ন ইত্যাদি) ব্যয় হয়েছে?	সামাজিক কর্মসূচিতে ব্যয়: কত শতাংশ ব্যয়:	৪০% বা তার বেশী হলে **৫**, ৩০-৩৯% হলে **৪**, ২০-২৯% হলে **৩**, ১০-১৯% হলে **২**, ৫-৯% হলে **১** এবং ৫%-এর কম হলে **০**	৫		১. অফিস পরিচালনায় প্রচুর ব্যয় হয়েছে এবং সেইজন্য সামাজিক কর্মসূচিতে বেশী ব্যয় করা যায়নি। ২. কী ধরণের সামাজিক কর্মসূচিতে ব্যয় করা যেতে পারে সে সম্পর্কে ধারণা নেই। ৩. সামাজিক কর্মসূচিতে ব্যয় করার কথা ভাবা হয়নি। ৪. মানুষের দাবীতে পরিকাঠামোর কাজ করতে হয়েছে, সামাজিক কর্মসূচিতে ব্যয় করার মত টাকা অবশিষ্ট ছিল না। ৫. অন্যান্য (উল্লেখ করুন) -
(ড) ২০০৭-০৮ আর্থিক বছরে জেলা পরিষদের নিজস্ব তহবিলের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ শিক্ষাখাতে ব্যয় হয়েছে?	শিক্ষাখাতে ব্যয়: কত শতাংশ ব্যয়:	১৫%-এর বেশী হলে **৫**, ১৩-১৫% হলে **৪**, ৯-১২% হলে **৩**, ৬-৮% হলে **২**, ৩-৫% হলে **১** এবং ৩%-এর কম হলে **০**	৫		১. নিজস্ব তহবিলের পরিমাণ এত কম যে সেখান থেকে উন্নয়নের কাজ করা যায়নি। ২. অফিস পরিচালনায় প্রচুর ব্যয় হয়েছে এবং সেইজন্য শিক্ষাখাতে বেশী ব্যয় করা যায়নি। ৩. শিক্ষাখাতে কোন কাজে ব্যয় করা হবে সে সম্বন্ধে স্পষ্ট ধারণা করা যায়নি। ৪. শিক্ষার বিষয়ে সংশ্লিষ্ট সরকারী দপ্তরই কাজ করবে ভেবে এখানে কোনো খরচ করা হয়নি। ৫. শিক্ষাখাতে ব্যয় করার কথা ভাবা হয়নি। ৬. মানুষের দাবীতে পরিকাঠামোর কাজ করতে হয়েছে, শিক্ষাখাতে ব্যয় করার মত টাকা অবশিষ্ট ছিল না। ৭. অন্যান্য সামাজিক কর্মসূচিতে ব্যয় করা হয়েছে, শিক্ষাখাতে ব্যয় করার মত টাকা অবশিষ্ট ছিল না। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -
(ঢ) ২০০৭-০৮ আর্থিক বছরে জেলা পরিষদের নিজস্ব তহবিলের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ স্বাস্থ্যখাতে ব্যয় হয়েছে?	স্বাস্থ্যখাতে ব্যয়: কত শতাংশ ব্যয়:	১৫%-এর বেশী হলে **৫**, ১৩-১৫% হলে **৪**, ৯-১২% হলে **৩**, ৬-৮% হলে **২**, ৩-৫% হলে **১** এবং ৩%-এর কম হলে **০**	৫		১. নিজস্ব তহবিলের পরিমাণ এত কম যে সেখান থেকে উন্নয়নের কাজ করা যায়নি। ২. অফিস পরিচালনায় প্রচুর ব্যয় হয়েছে এবং সেইজন্য স্বাস্থ্যখাতে বেশী ব্যয় করা যায়নি। ৩. স্বাস্থ্যখাতে কোন কাজে ব্যয় করা হবে সে সম্বন্ধে স্পষ্ট ধারণা করা যায়নি। ৪. স্বাস্থ্যের বিষয়ে সংশ্লিষ্ট সরকারী দপ্তরই কাজ করবে ভেবে এখানে কোনো খরচ করা হয়নি। ৫. স্বাস্থ্যখাতে ব্যয় করার কথা ভাবা হয়নি। ৬. মানুষের দাবীতে পরিকাঠামোর কাজ করতে হয়েছে, স্বাস্থ্যখাতে ব্যয় করার মত টাকা অবশিষ্ট ছিল না। ৭. অন্যান্য সামাজিক কর্মসূচিতে ব্যয় করা হয়েছে, স্বাস্থ্যখাতে ব্যয় করার মত টাকা অবশিষ্ট ছিল না। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -

পরের পাতায়.....

জেলা পরিষদের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৭-০৮)

২০. অর্থের সদ্ব্যবহার (চলছে)

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(ণ) ২০০৭-০৮ আর্থিক বছরে জেলা পরিষদের নিজস্ব তহবিলের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ নারী ও শিশু উন্নয়ন খাতে ব্যয় হয়েছে?	নারী ও শিশু উন্নয়ন খাতে ব্যয়: কত শতাংশ ব্যয়:	১৫%-এর বেশী হলে **৫**, ১৩-১৫% হলে **৪**, ৯-১২% হলে **৩**, ৬-৮% হলে **২**, ৩-৫% হলে **১** এবং ৩%-এর কম হলে **০**	৫		১. নিজস্ব তহবিলের পরিমাণ এত কম যে সেখান থেকে উন্নয়নের কাজ করা যায়নি। ২. অফিস পরিচালনায় প্রচুর ব্যয় হয়েছে এবং সেইজন্য নারী ও শিশু উন্নয়ন খাতে বেশী ব্যয় করা যায়নি। ৩. নারী ও শিশু উন্নয়ন খাতে কোন কাজে ব্যয় করা হবে সে সম্বন্ধে স্পষ্ট ধারণা করা যায়নি। ৪. নারী ও শিশু উন্নয়ন বিষয়ে সংশ্লিষ্ট সরকারী দপ্তরই কাজ করবে ভেবে এখানে কোনো খরচ করা হয়নি। ৫. নারী ও শিশু উন্নয়ন খাতে ব্যয় করার কথা ভাবা হয়নি। ৬. মানুষের দাবীতে পরিকাঠামোর কাজ করতে হয়েছে, নারী ও শিশু উন্নয়ন খাতে ব্যয় করার মত টাকা অবশিষ্ট ছিল না। ৭. অন্যান্য সামাজিক কর্মসূচিতে ব্যয় করা হয়েছে, নারী ও শিশু উন্নয়ন খাতে ব্যয় করার মত টাকা অবশিষ্ট ছিল না। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -
(ত) ২০০৭-০৮ আর্থিক বছরে জেলা পরিষদের নিজস্ব তহবিল থেকে উল্লিখিত কোনো দৃষ্টান্তমূলক কাজ করা হয়েছে কি? (যেটি বা যেগুলি করা হয়েছে সেটিকে বা সেগুলির ক্রমিক সংখ্যাকে গোল করে চিহ্নিত করুন)	১. দুঃস্থ অসহায় ব্যক্তিদের ভাতা বা খাবার দেওয়া ২. অপুষ্ট শিশু / গর্ভবতী মহিলাদের পুষ্টিকর খাবার দেওয়া ৩. দরিদ্র ব্যক্তিদের ওষুধ/শীতবস্ত্র কিনে দেওয়া ৪. মেধাবী ছাত্রদের বৃত্তি দেওয়া ৫. গ্রামীণ শিল্পীদের সহায়তা দেওয়া ৬. বিদ্যালয় / শিশু শিক্ষা কেন্দ্র / মাধ্যমিক শিক্ষা কেন্দ্র / অঙ্গনওয়াড়ী কেন্দ্র / উপস্বাস্থ্য কেন্দ্র / প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র / ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের গৃহনির্মাণ বা উন্নীতকরণ ৭. অন্যান্য (উল্লেখ করুন) -	সাত রকমের মধ্যে যে কোনো পাঁচ রকম কাজ করে থাকলে **৫**, যে কোনো চার রকম কাজ করে থাকলে **৪**, যে কোনো তিন রকম কাজ করে থাকলে **৩**, যে কোনো দুই রকম কাজ করে থাকলে **২**, যে কোনো এক রকম কাজ করে থাকলে **১** এবং এই ধরণের কোনো কাজ না করে থাকলে **০**	৫		১. নিজস্ব তহবিলের পরিমাণ এতই কম যে সেখান থেকে উন্নয়নের কাজ করা যায়নি। ২. অফিস পরিচালনায় প্রচুর ব্যয় হয়েছে এবং সেইজন্য এই সব কাজ করা যায়নি। ৩. এই সব কাজ করার কথা ভাবা হয়নি। ৪. এই সব কাজ কিভাবে করা হবে তার পরিষ্কার ধারণা নেই। ৫. মানুষের দাবীতে পরিকাঠামোর কাজ করতে হয়েছে, এই সব কাজে ব্যয় করার মত টাকা অবশিষ্ট ছিল না। ৬. অন্যান্য সামাজিক কর্মসূচিতে ব্যয় করা হয়েছে, এই সব কাজে ব্যয় করার মত টাকা অবশিষ্ট ছিল না। ৭. এই সব কাজ রাজ্য সরকারের তহবিল/উদ্যোগ দিয়েই করা যাবে বলে ভাবা হয়েছে। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -

পরের পাতায়.....

২০. অর্থের সদ্ব্যবহার (চলছে)

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(থ) ২০০৭-০৮ আর্থিক বছরে বিকেন্দ্রীকরণের সহায়ক নীতির ভিত্তিতে পঞ্চায়েত সমিতিকে দেওয়া উচিৎ এমন সব কাজই পঞ্চায়েত সমিতিকে দেওয়া হয়েছে কি? (যে কোনো একটিতে ✓ দিন)	(১) ১০০% কাজই দেওয়া হয়েছে (২) অধিকাংশ কাজই দেওয়া হয়েছে (৩) কিছু কাজ দেওয়া হয়েছে (৪) পঞ্চায়েত সমিতিকে কোনো দায়িত্ব না দিয়ে নিজেরাই করেছেন	১০০% কাজই দেওয়া হয়েছে এমন হলে **৫**, অধিকাংশ কাজই দেওয়া হয়েছে এমন হলে **২**, কিছু কাজ দেওয়া হয়েছে এমন হলে **১** এবং পঞ্চায়েত সমিতিকে কোনো দায়িত্ব না দিয়ে নিজেরাই করেছেন এমন হলে **০**	৫		১. সহায়ক নীতির ভিত্তিতে কাজ দেওয়ার কথা ভাবা হয়নি। ২. সহায়ক নীতির ভিত্তিতে পঞ্চায়েত সমিতিগুলিকে কাজ দেওয়ার প্রয়োজনীয়তা বোঝা যায়নি। ৩. পঞ্চায়েত সমিতিগুলি নতুন কাজ নিতে আগ্রহী নয়। ৪. পঞ্চায়েত সমিতিগুলিকে কাজ দিলে তারা কাজ শেষ করতে দেরী করতে পারে ভেবে কাজ দেওয়া হয়নি। ৫. পঞ্চায়েত সমিতিগুলিকে কাজ দিলে তারা আর্থিক এবং/অথবা কারিগরি সহায়তা চাইতে পারে ভেবে কাজ দেওয়া হয়নি। ৬. কিছু পঞ্চায়েত সমিতির নিজেদের কাজের অগ্রগতি খুব খারাপ হওয়ায় তাদেরকে ইচ্ছা করেই এই কাজ দেওয়া হয়নি। ৭. পঞ্চায়েত সমিতিগুলির সক্ষমতা সম্পর্কে সন্দেহ ছিল। ৮. বিরোধী রাজনৈতিক দল পরিচালিত পঞ্চায়েত সমিতিকে কাজ দেওয়া হয়নি। ৯. অন্যান্য (উল্লেখ করুন) -
মোট			১৪০		
প্রকৃত প্রাপ্ত নম্বর (= মোট প্রাপ্ত নম্বর ÷ ৭)			২০		

২১. সদ্ব্যবহার শংসাপত্র (Utilisation Certificate) ও সময়মতো প্রতিবেদন জমা দেওয়ার ব্যবস্থা

(ক) সদ্ব্যবহার শংসাপত্র

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(১) বিভিন্ন প্রকল্পের ক্ষেত্রে সদ্ব্যবহার শংসাপত্র কখন পাঠানো হয়?		টাকা পাওয়ার ৩ মাসের মধ্যে পাঠানো হলে **৭**, টাকা পাওয়ার ৪ মাসের মধ্যে পাঠানো হলে **৩**, টাকা পাওয়ার ৬ মাসের মধ্যে পাঠানো হলে **১** এবং টাকা পাওয়ার ৬ মাসের বেশী দেরী হলে **০**	৭		১. কাজ শুরু হতে দেরী হয়েছে বলে কাজ শেষ হতেও দেরী হয়েছে, তাই শংসাপত্র পাঠাতে দেরী হয়েছে। ২. কাজ ঠিক সময়ে শুরু হলেও শেষ হতে দেরী হয়েছে, তাই শংসাপত্র পাঠাতে দেরী হয়েছে। ৩. কাজ শেষ করার পর ব্যয়ের ক্ষেত্রে নানান অসঙ্গতি ধরা পড়েছিল, তাই শংসাপত্র পাঠাতে দেরী হয়েছে। ৪. শংসাপত্র ঠিক কোন সময়ের মধ্যে পাঠাতে হয় তা জানা ছিল না তাই দেরী হয়েছে। ৫. অন্যান্য কাজের চাপে ঠিক সময়ে শংসাপত্র পাঠানো হয়ে ওঠে নি। ৬. শংসাপত্র ঠিক সময়ে পাঠানোর গুরুত্ব বোঝা যায়নি। ৭. প্রকল্পের প্রতিবেদন/রিটার্ন পাঠানোর পর সদ্ব্যবহার শংসাপত্র পাঠানোর প্রয়োজন আছে বলে মনে হয়নি। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -

পরের পাতায়.....

জেলা পরিষদের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৭-০৮)

(ক) সদ্ব্যবহার শংসাপত্র (চলছে)

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(২) প্রশাসনিক ব্যয়ের ক্ষেত্রে সদ্ব্যবহার শংসাপত্র কখন পাঠানো হয়?		যে কয়েক মাসের জন্য টাকা পাঠানো হয়েছে তার মধ্যেই পাঠানো হলে **৩**, তা শেষ হওয়ার পরে ১৫ দিনের মধ্যে পাঠানো হলে **২**, তা শেষ হওয়ার পরে ১ মাসের মধ্যে পাঠানো হলে **১** এবং তা শেষ হওয়ার পরে ১ মাসের বেশী দেরী হলে **০** এবং কখনই না পাঠানো হলে **-২**	৩		১. প্রশাসনিক ব্যয়ের শংসাপত্র পাঠাতে হয় জানা ছিল না। ২. শংসাপত্র ঠিক কোন সময়ের মধ্যে পাঠাতে হয় তা জানা ছিল না তাই দেরী হয়েছে। ৩. অন্যান্য কাজের চাপে ঠিক সময়ে শংসাপত্র পাঠানো হয়ে ওঠে নি। ৪. দপ্তর সংক্রান্ত ব্যয়ের কিছু টাকা ধরে রাখা ছিল বলে শংসাপত্র পাঠাতে দেরী হয়েছে। ৫. শংসাপত্র ঠিক সময়ে পাঠানোর গুরুত্ব বোঝা যায়নি। ৬. অন্যান্য (উল্লেখ করুন) -
মোট			১০		

(খ) প্রতিবেদন জমা দেওয়ার ব্যবস্থা

বিষয়	ধরণ	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
জেলা পরিষদ এই তথ্য ও প্রতিবেদনগুলি সাধারণভাবে কখন রাজ্য সরকারকে পাঠান?	(১) NREGA/ SGRY মাসিক অগ্রগতি প্রতিবেদন		নির্ধারিত সময়ের মধ্যে হলে **২**, না হলে **০**	২		১. এই রকম প্রতিবেদন পাঠানোর কোনো রেওয়াজ এখানে নেই। ২. বিভিন্ন কাজের চাপে এই প্রতিবেদন ঠিক সময়ে পাঠানো হয় না। ৩. এই প্রতিবেদন পাঠানো তেমন গুরুত্বপূর্ণ মনে হয়নি। ৪. শুধুমাত্র উপর থেকে চাপ আসলে তবেই প্রতিবেদন পাঠানো হয়, নির্দিষ্ট সময়মতো হয় না। ৫. অন্যান্য (উল্লেখ করুন) -
	(২) IAY মাসিক অগ্রগতি প্রতিবেদন		নির্ধারিত সময়ের মধ্যে হলে **২**, না হলে **০**	২		১. এই রকম প্রতিবেদন পাঠানোর কোনো রেওয়াজ এখানে নেই। ২. বিভিন্ন কাজের চাপে এই প্রতিবেদন ঠিক সময়ে পাঠানো হয় না। ৩. এই প্রতিবেদন পাঠানো তেমন গুরুত্বপূর্ণ মনে হয়নি। ৪. শুধুমাত্র উপর থেকে চাপ আসলে তবেই প্রতিবেদন পাঠানো হয়, নির্দিষ্ট সময়মতো হয় না। ৫. অন্যান্য (উল্লেখ করুন) -

পরের পাতায়.....

জেলা পরিষদের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৭-০৮)

(খ) প্রতিবেদন জমা দেওয়ার ব্যবস্থা (চলছে)

বিষয়	ধরণ	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
জেলা পরিষদ এই তথ্য ও প্রতিবেদনগুলি সাধারণভাবে কখন রাজ্য সরকারকে পাঠান?	(৩) Backward Village সংক্রান্ত মাসিক প্রতিবেদন		নির্ধারিত সময়ের মধ্যে হলে **৩**, না হলে **০**	৩		১. এই রকম প্রতিবেদন পাঠানোর কোনো রেওয়াজ এখানে নেই। ২. বিভিন্ন কাজের চাপে এই প্রতিবেদন ঠিক সময়ে পাঠানো হয় না। ৩. এই প্রতিবেদন পাঠানো তেমন গুরুত্বপূর্ণ মনে হয়নি। ৪. শুধুমাত্র উপর থেকে চাপ আসলে তবেই প্রতিবেদন পাঠানো হয়, নির্দিষ্ট সময়মতো হয় না। ৫. অন্যান্য (উল্লেখ করুন) -
	(৪) এগুলি ছাড়া রাজ্য সরকার, জেলা পরিষদের কাছে বিভিন্ন সময়ে চেয়ে পাঠান এমন তথ্য বা প্রতিবেদন		নির্ধারিত সময়ের মধ্যে হলে **৩**, নির্ধারিত সময়ের পরে ৭ দিনের মধ্যে হলে **২**, নির্ধারিত সময়ের পরে ১৫ দিনের মধ্যে হলে **১** এবং নির্ধারিত সময়ের ১৫ দিনেরও বেশি পরে হলে **০**	৩		১. বিভিন্ন কাজের চাপে এই ধরণের প্রতিবেদনের সবগুলি ঠিক সময়ে পাঠানো হয় নি। ২. এই ধরণের প্রতিবেদন এত চাওয়া হয় যে সবগুলি সময়ে পাঠানো সম্ভব হয় নি। ৩. প্রয়োজনীয় তথ্যগুলি সবসময় তৈরী থাকে না, সেগুলি জোগাড় করতে সময় লাগে। ৪. এই ধরণের প্রতিবেদনের সবগুলি পাঠানো তেমন গুরুত্বপূর্ণ মনে হয়নি। ৫. যে প্রতিবেদনগুলির জন্য উপর থেকে বারবার চাপ এসেছে সেগুলিই পাঠানো হয়েছে, অন্যগুলি পাঠানো হয়নি। ৬. কর্মচারীর অভাবের জন্য এই ধরণের প্রতিবেদনগুলি ঠিক সময়ে পাঠানো যায়নি। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -
মোট				১০		

জেলা পরিষদের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৭-০৮)

সামগ্রিক

বিষয়		সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর
(ক) নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা			
১. জেলা পরিষদের দেয় পরিষেবা		৩০	
২. জেলা পরিষদের কাজে সদস্যদের অংশগ্রহণ	(ক) ২০০৭-০৮ আর্থিক বছরে জেলা পরিষদের সাধারণ সভার ও স্থায়ী সমিতিগুলির কটি করে সভা হয়েছে?	১৫	
	(খ) জেলা পরিষদের সাধারণ সভা বিষয়ক	৫	
	(গ) ২০০৭-০৮ আর্থিক বছরে জেলা পরিষদের সাধারণ সভাগুলিতে ও স্থায়ী সমিতিগুলির সবকটি সভা মিলিয়ে গড় উপস্থিতি কত ছিল?	১০	
৩. জেলা পরিষদের কাজে অন্যস্তরের পঞ্চায়েত প্রতিনিধিদের অংশগ্রহণ	(ক) ২০০৭-০৮ আর্থিক বছরের জেলা সংসদ সভাদুটিতে উপস্থিতির হার	১০	
৪. জেলা পরিষদের স্থায়ী সমিতিগুলির কার্যকারিতা	(ক) কোন কোন স্থায়ী সমিতি ২০০৮-০৯ আর্থিক বছরের জন্য তাদের বাজেট তৈরী করে জমা দিয়েছে?	৫	
	(খ) কোন কোন স্থায়ী সমিতি ২০০৮-০৯ আর্থিক বছরের বাজেট ৩০শে সেপ্টেম্বর ২০০৭-এর মধ্যে তৈরী করে জমা দিয়েছে?	৫	
	(গ) ২০০৭-০৮ আর্থিক বছরে স্থায়ী সমিতিগুলি বিভিন্ন সভায় নিম্নে উল্লিখিত বিষয়গুলির মধ্যে কোনগুলিতে আলাপ-আলোচনা করে সিদ্ধান্ত নিয়ে সেই অনুযায়ী কাজ করেছে?	২০	
৫. জেলা পরিষদের তত্ত্বাবধায়ক ভূমিকা		১০	
৬. জেলা পরিষদ ভবন ও কার্য্যালয় ব্যবস্থাপনা		৮	
৭. জেলা পরিষদ তথ্যসংরক্ষণ ও তা জানার ব্যবস্থা	(ক) রেজিস্টার সংক্রান্ত	৫	
	(খ) তথ্য পাওয়ার অধিকার সংক্রান্ত	২	
৮. জেলা পরিষদের কাজের স্বচ্ছতা		১০	
৯. শিক্ষা		১০	
১০. জনস্বাস্থ্য		১০	
১১. দরিদ্রদের স্বপক্ষে গৃহীত কার্যাবলী		২০	
১২. অর্থনৈতিক ও সামাজিক পরিকাঠামো উন্নয়ন		১০	
১৩. বিপর্যয় মোকাবিলা		৫	
১৪. সামাজিক নিরাপত্তা		১০	
মোট (নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা)		**২০০**	

জেলা পরিষদের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৭-০৮)

সামগ্রিক (চলছে)

বিষয়		সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর
(খ) সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার			
১৫. জেলা পরিষদের উপবিধি		১০	
১৬. জেলা পরিষদের পরিকল্পনা প্রণয়ন ও বাজেট		১০	
১৭. নিজস্ব সম্পদ সংগ্রহ		২০	
১৮. আর্থিক ব্যবস্থাপনা		১০	
১৯. নিরীক্ষা		১০	
২০. অর্থের সদ্ব্যবহার		২০	
২১. সদ্ব্যবহার শংসাপত্র (Utilisation Certificate) ও সময়মতো প্রতিবেদন জমা দেওয়ার ব্যবস্থা	(ক) সদ্ব্যবহার শংসাপত্র	১০	
	(খ) প্রতিবেদন জমা দেওয়ার ব্যবস্থা	১০	
মোট (সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার)		**১০০**	
সর্বমোট		**৩০০**	
প্রকৃত সর্বমোট প্রাপ্ত নম্বর (= সর্বমোট প্রাপ্ত নম্বর ÷ ৩)		**১০০**	

নির্বাহী আধিকারিকের স্বাক্ষর ও সীল: সভাধিপতির স্বাক্ষর ও সীল:

..... তারিখে জেলা পরিষদের বর্ধিত সাধারণ সভায় স্বমূল্যায়ন প্রতিবেদনটি সকলে মিলে আলোচনা করে পূরণ করা হয়েছে।

নির্বাহী আধিকারিকের স্বাক্ষর ও সীল: সভাধিপতির স্বাক্ষর ও সীল:

জেলা পরিষদের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৭-০৮)

এই স্বমূল্যায়ন প্রতিবেদন আপনাদের জন্য। এটিকে আপনাদের পছন্দমত করে তৈরী করতে মতামত দিন।

(১) ২০০৮-০৯ আর্থিক বছরের স্বমূল্যায়ন প্রতিবেদনে নতুন যে যে প্রশ্নগুলি ঢোকানো প্রয়োজন	
(২) ২০০৮-০৯ আর্থিক বছরের স্বমূল্যায়ন প্রতিবেদনে যে যে প্রশ্নগুলি বাদ দেওয়া প্রয়োজন	
(৩) ২০০৮-০৯ আর্থিক বছরের স্বমূল্যায়ন প্রতিবেদনে যে যে প্রশ্নে পরিবর্তন করা প্রয়োজন (কি পরিবর্তন করা প্রয়োজন উল্লেখ করুন)	

জেলা পরিষদের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৭-০৮)

২০০৭-০৮ আর্থিক বছরে জেলা পরিষদের প্রধান সাফল্য ও ব্যর্থতা

(১) ২০০৭-০৮ আর্থিক বছরে জেলা পরিষদের প্রধান সাফল্য :	সাফল্যের কারণ :
(২) ২০০৭-০৮ আর্থিক বছরে জেলা পরিষদের প্রধান ব্যর্থতা :	ব্যর্থতার কারণ :

জেলা পরিষদের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৭-০৮)

সংক্ষিপ্ত ব্যাখ্যা ও কিছু প্রাসঙ্গিক আলোচনা

এই প্রতিবেদনটির বিভিন্ন বিষয় (প্রশ্নে নির্দিষ্টভাবে অন্য কোনো সময় বা তারিখের কথা বলা না থাকলে) ২০০৭-০৮ আর্থিক বছরের কাজের ভিত্তিতে ১ এপ্রিল, ২০০৮-এ সংশ্লিষ্ট জেলা পরিষদের অবস্থান ধরে পূরণ করতে হবে। জেলা পরিষদ প্রতিটি বিষয়ে পৃথকভাবে বাস্তব অবস্থার প্রেক্ষিতে নিজেই নিজের মূল্যায়ন করে নির্ধারিত নিয়মে উত্তর ও নম্বর দিয়ে এই প্রতিবেদনটি পূরণ করবেন। প্রত্যেকটি প্রশ্নে সর্বোচ্চ নম্বর দেওয়া আছে। এই সর্বোচ্চ নম্বর থেকে সর্বনিম্ন নম্বরের (০ বা ঋণাত্মক) মধ্যে জেলা পরিষদের প্রাপ্ত নম্বর কিভাবে ঠিক হবে তা নির্দিষ্ট করে দেওয়া আছে 'নির্ধারিত নম্বরের ধরণ'-এ। কিছু প্রশ্নে ঋণাত্মক নম্বর (negative marks) পাওয়ার ব্যবস্থা আছে। যদি নির্ধারিত নিয়মে জেলা পরিষদ কোথাও ঋণাত্মক নম্বর পায় তবে তা লিখতে হবে এবং যোগ করতে হবে। অর্থাৎ সামগ্রিকভাবে অন্য প্রশ্নে পাওয়া (ধনাত্মক) নম্বরকে কমিয়ে দেবে ঐ ঋণাত্মক নম্বর।

এছাড়া প্রত্যেকটি প্রশ্নের সাথে 'ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ' বলে একটি কলম যোগ করা আছে। ভাল নম্বর কোনটিকে ধরা হবে তা আমরা ঠিক করে দিচ্ছি না। পশ্চিমবঙ্গের জেলা পরিষদগুলির মধ্যে পরিবেশ-পরিস্থিতি এতটাই আলাদা যে সারা রাজ্যের জন্য একটি নির্দিষ্ট নম্বরের অবস্থানকে সবচেয়ে ভাল মান হিসাবে চিহ্নিত করে দেওয়া সম্ভবও নয় বা উচিৎও নয়। তাই কোনো নম্বরকে ভাল নম্বর হিসাবে ঠিক করে দেওয়া হয়নি। জেলা পরিষদ নিজেই ঠিক করবেন কোনটি ভাল নম্বর। জেলার পরিবেশ ও পরিস্থিতিতে আন্তরিক চেষ্টা থাকলে যে নম্বর পাওয়া সম্ভব, তাকেই ভাল নম্বর ভাবতে হবে। একেকটি প্রশ্নে এই ভাল নম্বর এক এক রকম হতেই পারে। কোনো প্রশ্নে জেলা পরিষদ যে নম্বরটিকে ভাল নম্বর হিসাবে চিহ্নিত করেছেন সেই নম্বরের থেকে কম নম্বর পেলে তখন ঐ ভাল নম্বর না পাওয়ার কারণ চিহ্নিত করতে হবে। এই কারণ একটিও হতে পারে বা একাধিকও হতে পারে। প্রত্যেকটি প্রশ্নের সাথে অনেকগুলি সম্ভাব্য কারণের তালিকা দেওয়া আছে। তার মধ্যে যেটি বা যেগুলি এই জেলা পরিষদের ক্ষেত্রে প্রযোজ্য সেটি বা সেগুলির বাঁদিকের ক্রমিক সংখ্যাটিকে গোল করে চিহ্নিত করতে হবে। যে কারণগুলি উল্লেখ করা আছে তার বাইরের কোনো কারণ হলে সেটিকে বা সেগুলিকে অন্যান্য কারণের স্থানে লিখতে হবে। এই প্রক্রিয়াটির মধ্যে দিয়ে গেলে বিভিন্ন বিষয়ে দুর্বলতার কারণগুলি চোখের সামনে পরিষ্কারভাবে ফুটে উঠবে। দুর্বলতার নির্দিষ্ট কারণগুলি চোখের সামনে থাকলে তবেই আগামী দিনে জেলা পরিষদের পক্ষে সেগুলিকে কাটিয়ে উঠে পঞ্চায়েত ব্যবস্থাকে আরও সক্রিয়, শক্তিশালী ও জনমুখী করে তোলা যাবে। আর রাজ্যস্তর থেকে যদি কোনো সহায়তা দেওয়ার দরকার থাকে, তাও দেওয়া সম্ভবপর হবে।

প্রথমে জেলা পরিষদের অত্যন্ত গুরুত্বপূর্ণ কিছু তথ্য ধরতে চাওয়া হয়েছে 'এক নজরে জেলা পরিষদ'-এর প্রশ্নগুলিতে। এছাড়া সমগ্র প্রতিবেদনটিকে দুটি বৃহত্তর ভাগে ভাগ করা হয়েছে – (ক) নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা (১ থেকে ১৪ নং প্রশ্ন) ও (খ) সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার (১৫ থেকে ২১ নং প্রশ্ন)।

এক নজরে জেলা পরিষদ

(১) – (৪) : ব্যাখ্যা নিষ্প্রয়োজন।

(৫) সংখ্যালঘু বলতে বোঝানো হয়েছে হিন্দু ছাড়া অন্য যে কোনো সম্প্রদায়।

(৬) সাক্ষরতার হার = (সাক্ষর জনসংখ্যা × ১০০) ÷ (মোট জনসংখ্যা – ০ থেকে ৬ বছর বয়সী জনসংখ্যা)

(৭) ২০০৮-এ বিভিন্ন শ্রেণীতে কতগুলি করে পরিবার আছে তা লিখতে হবে।

(৮) ২০০৮-এর অবস্থা অনুসারে বাস্তবসম্মত ধারণার ভিত্তিতে লিখতে হবে। গ্রাম পঞ্চায়েতের / পঞ্চায়েত সমিতির স্বমূল্যায়নের তথ্য যোগ করে পাওয়া যাবে।

(৯) – (১০) : বিশদ ব্যাখ্যা নিষ্প্রয়োজন। তবে (১০)-এ বিভিন্ন শ্রেণীতে সংরক্ষিত আসন সংখ্যা নয়, বর্তমানে ঐ শ্রেণীভুক্ত কতজন আছেন তা লিখতে হবে।

(১১) – (৩২) : সভাধিপতি, সহকারী সভাধিপতি এবং নটি স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষের নাম লিখতে হবে এবং তাঁরা যে শ্রেণীতে পড়েন সেই শ্রেণীর কোড নম্বরটি লিখতে হবে।

(৩৩), (৩৪) : রাজনৈতিক দলের কোডটি লিখতে হবে।

(৩৫) : কত জন সদস্য সভাধিপতি নির্বাচনে বর্তমান সভাধিপতি পক্ষে ভোট দিয়েছিলেন সেই সংখ্যাটি লিখতে হবে।

(৩৬) : যে পদটি/পদগুলি খালি সেগুলি লিখতে হবে।

(৩৭) – (৫৩) : বর্তমান অবস্থার ভিত্তিতে উত্তর লিখতে হবে। পূর্ণাঙ্গ চিত্র পাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ।

(ক) নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা

১.(ক) জেলা পরিষদের অধীনে ও নিয়ন্ত্রণে থাকা রাস্তাগুলিকে নিয়মিতভাবে রক্ষণাবেক্ষণ করে ব্যবহারযোগ্য অবস্থায় রাখতে হবে। প্রয়োজন অনুযায়ী অনেক রাস্তাকে লম্বায় বা প্রসারে বাড়াতে হতে পারে। কোথাও রাস্তার গুণগত মান উন্নত করতে হতে পারে। এই কাজ সুষ্ঠুভাবে করতে হলে সব রাস্তার একটি তালিকা (রোড রেজিস্টার) রাখা অবশ্য প্রয়োজন। এই রেজিস্টার সময়োপযোগী করে রাখতে হবে যাতে যে কোনো সময়েই একটি পরিষ্কার চিত্র পাওয়া যায়। এই কারণে রোড রেজিস্টারের উপর গুরুত্ব দেওয়া হয়েছে। এখানে রোড রেজিস্টার রাখা অর্থে একটি সম্পূর্ণ তথ্যসহ রেজিস্টার যা ১ এপ্রিল ২০০৮-এর অবস্থানকে বুঝিয়ে দিচ্ছে এরকম ভাবতে হবে। প্রসঙ্গত পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের 27-04-2005 এর স্মারক নং 401/PA/RD/O/14S-8/03 এর মাধ্যমে রোড রেজিস্টার রাখার নির্দেশ দেওয়া হয়েছে। তারজন্য একটি ফর্মাটও প্রচার করা হয়েছে। সেই ফর্মাট অনুযায়ী রোড রেজিস্টার রাখা না হয়ে থাকলে অবিলম্বে রাখার ব্যবস্থা করা উচিৎ। যেখানে বর্তমানে রোড রেজিস্টার নেই সেখানে ০ পাওয়া যাবে।

(খ) জেলা পরিষদের দায়িত্বে থাকা রাস্তাগুলি সবই জেলার মধ্যে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানের মূল সংযোগকারী রাস্তা এবং এদের উপর দিয়ে প্রতিনিয়ত ভারী যানবাহন যাতায়াত করে। সেই হিসাবে শুধু পিচ দেওয়া পাকা রাস্তাকে বা কংক্রীট রাস্তাকে সব ঋতুতে চলার উপযুক্ত বলে ভাবতে হবে। অল্প কিছু বোল্ডার ফেলা রাস্তা বা মোরাম রাস্তাকে (যেগুলি উন্নতমানের উপাদান দিয়ে ভালভাবে তৈরী করা হয়েছে এবং নিয়মিত মেরামত করে ভারী যানবাহন চলার উপযোগী করে রাখা হয়) সব ঋতুতে চলার উপযোগী বলে ধরা যায়। সবদিক বিবেচনা করে জেলা পরিষদ এই বিষয়ে সিদ্ধান্ত নেবে। শতাংশের হিসাব মোট রাস্তার (কিলোমিটার) দৈর্ঘ্যের তুলনায় করতে হবে।

(গ) যে সব রাস্তা ৪-৫টি গ্রাম বা বড় কোনও ব্যবসাকেন্দ্রকে সংযোগ করে এবং কয়েক হাজার মানুষের প্রয়োজন মেটায়, সেই সব রাস্তায় মালপত্র ও যাত্রী পরিবহনের প্রয়োজন ও দাবী থাকা স্বাভাবিক। এই সব রাস্তার প্রসারতা, বহনক্ষমতা এবং সাধারণ মান বাড়ানোর দরকার হতে পারে। এই প্রশ্নে বুঝতে হবে কতগুলি রাস্তাকে পরিবহনের উপযোগী করার প্রয়োজন আছে এবং তার মধ্যে কতগুলিতে এই প্রয়োজন মেটানো গেছে। রাস্তার দৈর্ঘ্য নয়, সংখ্যাই এখানে বিবেচ্য।

(ঘ) জেলা পরিষদ এলাকায় তার দায়িত্বে এই ধরণের রাস্তা মোট যত কিলোমিটার আছে তার মধ্যে কত কিলোমিটার সারাই ও রক্ষণাবেক্ষণ প্রয়োজন তা শতাংশের হিসাবে জানতে চাওয়া হয়েছে। এই প্রয়োজন বিচার করতে হবে রাস্তাটি যে মান অনুযায়ী ও যে প্রয়োজন মেটানোর জন্য তৈরী হয়েছিল সেই প্রয়োজন অক্লেশে মেটাচ্ছে কিনা তাই বুঝে। অর্থাৎ রাস্তার কোন অংশে ভাঙ্গাচোরা বা গর্ত নেই, যানবাহন বা মানুষজন সেই রাস্তায় নির্বিঘ্নে যাতায়াত করতে পারছে এই সব দেখে বিচার করতে হবে। তথ্য থাকলে তবেই জেলা পরিষদ নির্ধারিত নিয়মে ০, ১, ২ বা ৩ পেতে পারেন। তথ্য না থাকলে রাস্তার অবস্থা যাই হোক না কেন জেলা পরিষদ -১ পাবেন।

(ঙ) এলাকার মধ্যে সাধারণের ব্যবহার্য রাস্তা বা স্থান বে-আইনি দখলে আছে বলতে এইসব এলাকায় কোনো জবরদখল আছে এরূপ অবস্থাকে বোঝানো হয়েছে। বাস্তুহীন পরিবার রাস্তা বা খালপাড় বা অন্য সর্বসাধারণের ব্যবহার্য স্থানে ঘর করে থাকলে তাঁরা যতই দুঃস্থ হোন না কেন তাকে জবরদখল বলেই ভাবতে হবে (অবশ্য কোনো প্রাকৃতিক দুর্যোগ যেমন বন্যার জন্য কেউ অল্পদিনের জন্য ব্যক্তিগত উদ্যোগে অস্থায়ী ছাউনি বানালে তা এই হিসাবে আসবে না)। সেই পরিবারকে অবশ্য গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে ঘর (প্রয়োজন হলে জমিসহ) করে দেওয়ার উদ্যোগ নিতে হবে।

(চ) এখানে জেলা পরিষদের সম্পত্তি বলতে জেলা পরিষদের নিজস্ব বা আগে বা সম্প্রতি ন্যস্ত সব স্থাবর সম্পত্তি বোঝাচ্ছে। এর মধ্যে জেলা পরিষদ ভবন সহ ডাক-বাংলো, অতিথিশালা বা অন্যান্য যা প্রতিষ্ঠান আছে সবই ধরতে হবে। সম্পত্তির তালিকা মোটামুটি হালনাগাদ করা থাকলেই তালিকা আছে বলে ধরতে হবে। কোনো সম্পত্তি যদি সাধারণভাবে দেখে মেরামতের প্রয়োজন আছে বলে মনে না হয় এবং সেইসঙ্গে যে কাজে ঐ সম্পত্তিটি ব্যবহার হওয়ার কথা সেই কাজ সুষ্ঠুভাবে করা যাচ্ছে এমন হয়, তাহলেই সেই সম্পত্তির রক্ষণাবেক্ষণ সন্তোষজনক বলে ভাবা যাবে। সম্পত্তির আংশিক মেরামতের প্রয়োজন থাকলে বা যে কাজে সম্পত্তিটি ব্যবহার হওয়ার কথা সেই কাজ সম্পূর্ণ সুষ্ঠুভাবে করা যাচ্ছে না এমন হলে রক্ষণাবেক্ষণ আংশিক সন্তোষজনক ভাবা যাবে। আর ব্যাপক মেরামতির প্রয়োজন থাকলে বা যে কাজে সম্পত্তিটি ব্যবহার হওয়ার কথা সেই কাজ করা না গেলে রক্ষণাবেক্ষণ সন্তোষজনক নয় বলে ধরতে হবে।

(ছ) বিশদ ব্যাখ্যা নিষ্প্রয়োজন। তবে, এরকম কোন জায়গায় যদি অন্য কেউ (বাজার কমিটি বা অন্য কল্যাণমূলক প্রতিষ্ঠান) ব্যবস্থা নিয়ে থাকে এবং তা চালু থাকে, সেগুলিকেও হিসাবে আনা যাবে।

(জ) প্রয়োজনের বিচারে এবং স্বাস্থ্যবিধানের নীতি অনুসারে সব বিদ্যালয় (উচ্চ মাধ্যমিক, মাধ্যমিক বা নিম্ন মাধ্যমিক) / মাধ্যমিক শিক্ষা কেন্দ্র / অনুমোদিত হাই মাদ্রাসাতে বালক ও বালিকাদের জন্য জলের ব্যবস্থাসহ পৃথক শৌচাগার থাকবে। আবার যে সব শিক্ষাপ্রতিষ্ঠানে ১৫০ জনের বেশী পড়ুয়া আছে সেখানে বালক ও বালিকাদের জন্য পৃথক ব্যবস্থাসহ একাধিক শৌচাগার থাকবে। কাজেই এই নিয়মের ভিত্তিতে হিসাব করতে হবে। ছাত্র ও ছাত্রীদের সংখ্যা আলাদাভাবে বুঝে নিয়ে সেই অনুযায়ী শৌচাগারের সংখ্যা ঠিক করতে হবে। এখানে বিশেষ উদ্যোগ নিতে হবে এবং যেখানে সম্ভব, সেই প্রতিষ্ঠান বা অন্য কোন সাহায্যকারী প্রতিষ্ঠানকে দিয়ে কাজটি করানো যেতে পারে। তবে অনেক জায়গাতেই প্রয়োজনীয় অর্থের যোগান দিতে হবে। স্বেচ্ছায় দেওয়া শ্রম বা অর্থ এই ব্যাপারে কাজে লাগানো যেতে পারে। যাই হোক, বর্তমান (অর্থাৎ, ১-৪-২০০৮ তারিখের) পরিস্থিতির বিচারে জেলা পরিষদ নম্বর পাবে।

(ঝ) জেলা পরিষদের উদ্যোগের ফলে বা মালিকানায় বাজার, ব্যবসা কেন্দ্র, উৎপাদন কেন্দ্র ইত্যাদি আছে কিনা বা তার ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ করা হয় বলতে এই সম্পত্তিগুলি ব্যবহারযোগ্য অবস্থায় আছে, ব্যবহার হচ্ছে এবং এখন মেরামতের প্রয়োজন নেই এমন বোঝাবে। যে সম্পদ যে প্রয়োজনে ব্যবহার হওয়ার কথা সেই সম্পদ সুষ্ঠুভাবে বিনা অসুবিধায় জনসাধারণ (যেখানে অনুমোদন প্রয়োজন সেই অনুমোদন নিয়ে) ব্যবহার করতে পারলে সেই সম্পদকে ব্যবহারযোগ্য বলে ভাবা যাবে। জেলা পরিষদ এগুলি নিজের ব্যবস্থাপনায় বা অর্থানুকূল্যে করবে এমন কোনও কথা নেই, ব্যবস্থা আছে কিনা এটিই বিবেচ্য।

(ঞ) জেলা পরিষদ এলাকার নিকাশী (বিশেষ করে একাধিক পঞ্চায়েত সমিতি এলাকা নিয়ে যে সব নিকাশী ব্যবস্থা আছে) ব্যবস্থাগুলির অবস্থা সন্তোষজনক বলতে পর্যাপ্ত পরিমাণে নিকাশী ব্যবস্থা আছে এবং সেগুলিতে বড় ধরণের সংস্কারের প্রয়োজন নেই এমন বোঝানো হয়েছে। নিকাশী ব্যবস্থা বেশ কিছু আছে (যদিও পর্যাপ্ত পরিমাণে নয়) এবং/অথবা কয়েকটিতে সংস্কারের প্রয়োজন এমন হলে সেটিকে আংশিক সন্তোষজনক বলে ধরা যাবে। আর নিকাশী ব্যবস্থা খুবই অপ্রতুল এবং/অথবা অধিকাংশগুলিই সংস্কারের অভাবে অকেজো হয়ে পড়ে আছে অর্থাৎ বিভিন্ন বাড়ী থেকে বেরোনো নোংরা জল বা বৃষ্টির জল জমে গিয়ে অস্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি করে এমন হলে সেটিকে সন্তোষজনক নয় বলে ধরতে হবে। আবার, কোনো রকম ব্যবস্থা না থাকলে সন্তোষজনক নয় বলেই ভাবতে হবে।

(ট) জেলা পরিষদের পক্ষে বন্যা প্রতিরোধের যে সমস্ত ব্যবস্থা করা সম্ভব বলতে বাঁধ নির্মাণ ও রক্ষণাবেক্ষণ, রিংবাঁধ দেওয়া প্রভৃতি বোঝানো হয়েছে। এগুলি যদি পর্যাপ্ত পরিমাণে করা হয়ে থাকে তাহলে সন্তোষজনক ধরতে হবে। এই কাজগুলি কোন সরকারী দপ্তর বা অন্য কোন প্রতিষ্ঠান করে থাকলে সেগুলিও হিসাবে ধরা যাবে। এগুলি বেশ কিছু জায়গায় করা হলে (যদিও পর্যাপ্ত পরিমাণে নয়) সেটিকে আংশিক সন্তোষজনক হিসাবে ধরতে হবে। এগুলি খুব কম পরিমাণে করা হলে সেটিকে সন্তোষজনক নয় বলে ধরতে হবে।

(ঠ) এই নার্সারি জেলা পরিষদের নিজের বা পঞ্চায়েত সমিতিগুলির বা বন দপ্তরের বা কোন স্বনির্ভর দল অথবা স্বেচ্ছাসেবী দলের উদ্যোগে হতে পারে এবং চারা গাছের জন্য কিছু মূল্য (নিয়ন্ত্রিত হলেই ভাল) দিতে হতে পারে। এখানে বিচার করতে হবে জেলার মধ্যেই জেলার প্রয়োজনমতো পর্যাপ্ত চারাগাছ পাওয়া যাচ্ছে কিনা। পাওয়া গেলে (যার উদ্যোগেই হোক না কেন) জেলা পরিষদ নম্বর পাবে।

(ড) জেলা পরিষদের মালিকানা ও পরিচালনাধীন রাস্তা বা ব্রীজের মোট যত কিলোমিটার অংশে আলো থাকা দরকার (যেখানে রাস্তা জনবহুল এলাকার মধ্যে দিয়ে গেছে অথবা যেখানে মানুষ বা যানবাহনের নিরাপত্তার জন্য আলো থাকা প্রয়োজন) তার মধ্যে কত কিলোমিটার রাস্তা বা ব্রীজে আলো আছে সেই অনুযায়ী হিসাব করতে হবে।

(ঢ) বর্তমান নিয়ম অনুযায়ী [পশ্চিমবঙ্গ পঞ্চায়েত (গ্রাম পঞ্চায়েত প্রশাসন) নিয়মাবলী, ২০০৪ {৯ই আগস্ট ২০০৬ পর্যন্ত সংশোধনী সহ} – ২৭ নং নিয়মের উপ-নিয়ম ১এ] ইঁট বা কংক্রীটের মেঝেযুক্ত বাড়ীর কাঠামোর ভিতের মাপ ৩০০ বর্গমিটারের বেশী হলে বা উচ্চতা ৬.৫ মিটারের বেশী হলে বা উভয়ই বেশী হলে সেই বাড়ীর বা কাঠামোর প্ল্যান অনুমোদনের জন্য জেলা পরিষদের কাছে আসবে এবং জেলা পরিষদ ৩০ দিনের মধ্যে তা অনুমোদন করে গ্রাম পঞ্চায়েতকে ফেরৎ পাঠাবে। যতগুলি এইরকম প্ল্যান এসেছে তার অধিকাংশই কত দিনের মধ্যে গ্রাম পঞ্চায়েতে অনুমোদন করে ফেরৎ পাঠানো হয়েছে সেই হিসাবে নম্বর দিতে হবে। এই রকম কোনো প্ল্যান জেলা পরিষদে না আসলে সেটি দুর্বলতা হিসাবেই চিহ্নিত হবে এবং সেক্ষেত্রে ঋণাত্মক নম্বর পাওয়া যাবে ও তা মোট ধনাত্মক নম্বরকে কমিয়ে দেবে।

জেলা পরিষদের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৭-০৮)

২.(ক) এক্ষেত্রে মুলতবী সভা যা এক সপ্তাহ পরে অনুষ্ঠিত হয়েছে সেখানে মূলসভা ও মুলতুবি সভা নিয়ে একটি সভা হিসাবে গুণতে হবে। তবে কোনো রকম তলবী সভাকে এই হিসাবে আনা যাবে না। সভার সংখ্যা গুণে নম্বর দিতে হবে। মোট প্রাপ্ত নম্বরকে ৪ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

(খ) (১): কোনো মুলতবী সভার পরের সপ্তাহে যদি কোরাম হয়ে বা এমনকি পূর্ণ সংখ্যার সদস্য উপস্থিত হয়ে সভা করেন, তাহলেও প্রথম যে সভা মুলতবী হয়েছে শুধু তাকেই এখানে হিসাবে আনতে হবে।

(২): সম্পূর্ণ সহমতের ভিত্তিতে জেলা পরিষদে কাজ করা সম্ভব হলে তা বাঞ্ছনীয়। কিন্তু সাধারণত যে কোনো প্রস্তাবে নানান ধরণের মত উঠে আসে এবং তা নিয়ে আলোচনা প্রয়োজন হয়। অনেক সময়েই আলোচনার পরেও কেউ বিরোধী কোনো মতে স্থির হয়ে থাকেন। গণতান্ত্রিক পদ্ধতিতে বিভিন্ন মতের আদানপ্রদান অবশ্যই ভালো লক্ষণ। কোনো বিরোধী প্রস্তাব যদি গৃহীত না হয় তাহলেও তা লিপিবদ্ধ থাকা উচিৎ। এখানে বিরোধী মত বা প্রস্তাব অর্থে বিরোধী কোনো সদস্যের মত/প্রস্তাব নয়। শেষ পর্যন্ত যে সিদ্ধান্ত অধিকাংশ সদস্যের সমর্থনে গৃহীত হল, দলমত নির্বিশেষে যে কোনো সদস্য যদি তার বিপরীত কোনো মত বা প্রস্তাব দিয়ে থাকেন (ও আলোচনার পরেও সেই মতে স্থির থাকেন) এবং সেগুলি কার্যবিবরণীতে লিপিবদ্ধ হয়ে থাকে (আলোচনার ভিত্তিতে প্রস্তাবক বা প্রস্তাবের অন্য কোনো সমর্থক তার মত থেকে সরে না এলে প্রস্তাবটি অবশ্যই লিপিবদ্ধ হওয়া উচিৎ), সেগুলিকেই হিসাবে ধরতে হবে। কার্যবিবরণী দেখে কটি সভায় বিরোধী মত/প্রস্তাব লেখা হয়েছে সেই সংখ্যাটি গুণে সেই অনুযায়ী নম্বর দিতে হবে।

(গ) এখানে সদস্যদের হিসাবের মধ্যে রাজ্য সরকার নিযুক্ত সদস্যদেরও ধরতে হবে। তবে আমন্ত্রিত ব্যক্তিদের ধরা হবে না। আবার মৃত্যু, পদত্যাগ, অপসারণ ইত্যাদি কারণে কোনো পদ যদি শূন্য থাকে বা কোনো সদস্য সাময়িকভাবে অপসারিত (সাসপেনশান) হওয়ার জন্য সভায় যোগ দিতে না পারেন, তাহলে মোট সদস্যসংখ্যা থেকে সেই অনুযায়ী বাদ দিতে হবে। সবগুলি সভায় উপস্থিতির মোট সংখ্যাকে সভার সংখ্যা দিয়ে ভাগ করে গড় উপস্থিতি বের করতে হবে। তারপর মোট সদস্য সংখ্যার মধ্যে গড় উপস্থিতির শতকরা হিসাব করতে হবে। মধ্যবর্তী সময়ে মোট সদস্য সংখ্যার কোন পরিবর্তন হলে (পদত্যাগ, মৃত্যু ইত্যাদি কারণে) সেই পরিবর্তনকে ধরে গড় হিসাব বের করতে হবে। মোট প্রাপ্ত নম্বরকে ৫ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

৩.(ক) বিশদ ব্যাখ্যা নিষ্প্রয়োজন। তবে মোট যতজনকে নোটিশ দেওয়া হয়েছে, তার ভিত্তিতে উপস্থিতির শতাংশ হিসাব হবে। মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

৪.(ক) এখানে যে কয়টি স্থায়ী সমিতির বাজেট তৈরী হয়ে জমা পড়েছে সেই অনুযায়ী নম্বর পাওয়া যাবে। মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

(খ) এখানে ৩০শে সেপ্টেম্বরের মধ্যে যে কটি স্থায়ী সমিতির বাজেট তৈরী হয়ে জমা পড়েছে সেই অনুযায়ী নম্বর পাওয়া যাবে। মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

(গ) এখানে সিদ্ধান্তের গুণমান বিচার করা উদ্দেশ্য নয়। উল্লিখিত বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হয়েছে কিনা এবং গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কাজ হয়েছে বা হচ্ছে কিনা এই দুটি বিষয় দেখতে হবে এবং সেই অনুযায়ী টিক দিতে হবে। তারপর কতগুলি টিক পড়ল তা গুনে প্রাপ্ত নম্বর লিখতে হবে। মোট প্রাপ্ত নম্বরকে ৫ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

জেলা পরিষদের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৭-০৮)

৫.(ক) গ্রাম পঞ্চায়েতের বা পঞ্চায়েত সমিতির কাজের অগ্রগতির দায় জেলা পরিষদের নয়। এখানে গ্রাম পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতিগুলির অগ্রগতি বা তার অভাব পর্যালোচনা করা হয়েছে কিনা এবং রিপোর্ট পাঠানো হয়েছে কিনা তাই বিবেচ্য হবে। অবশ্য, পর্যালোচনা বা রিপোর্টে গ্রাম পঞ্চায়েতের বা পঞ্চায়েত সমিতির অবস্থান সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের বা পঞ্চায়েত সমিতির নজরে আনা বাঞ্ছনীয় হবে।

(খ) এখানে কোনো পঞ্চায়েত সমিতির কতজন প্রতিনিধি উপস্থিত ছিলেন তা বিচার্য নয়। কতগুলি পঞ্চায়েত সমিতির প্রতিনিধি (প্রতিনিধি সংখ্যা যাই হোক) উপস্থিত ছিলেন তার ভিত্তিতে হিসাব করতে হবে।

(গ) কোন নির্বাচিত পদাধিকারী বা কোন আধিকারিক – এদের সবার পরিদর্শন এখানে হিসাবে আসবে। যারা আইন বা প্রজ্ঞাপন অনুযায়ী এরূপ পরিদর্শন করার অধিকারী, তাদের জেলা পরিষদের পক্ষ থেকে আগেই পরিদর্শন করার জন্য অনুরোধ বা নির্দেশ করতে হবে এমনও কোন প্রয়োজন নেই।

(ঘ) মোট পরিদর্শনের ভিত্তিতে জমা পড়া রিপোর্টের শতকরা হিসাব করতে হবে।

(ঙ) জমা পড়া রিপোর্টের সংখ্যার ভিত্তিতে আলোচনার শতকরা হিসাব হবে।

(চ) দায়িত্ব ভাগ করার যথার্থতা এখানে বিচার্য নয়। নির্দিষ্ট করে দায়িত্ব দেওয়া হয়েছে কিনা সেটাই দেখার বিষয়।

(ছ) বিশদ ব্যাখ্যা নিষ্প্রয়োজন। প্রকল্প জেলা পরিষদের দপ্তরে পৌঁছনোর পরে কতদিনের মধ্যে ভেটিং করে ফেরৎ দেওয়া হয়েছে তার ভিত্তিতে নম্বর পাওয়া যাবে।

(জ) এক এক দফায় কতগুলি মাষ্টার রোল বা একটি মাষ্টার রোলে কতজনকে পরীক্ষা করা হয়েছে তা বিবেচ্য নয়। তবে যে কোন দফায় মোটামুটি সন্তোষজনক ধারণা তৈরী করার মতো পরীক্ষা করা প্রয়োজন।
মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

৬.(ক) পর্যাপ্ত জায়গা অর্থে সবাই বসে সুষ্ঠুভাবে কাজ করতে পারেন এবং প্রয়োজনে সদস্যরা, বিভিন্ন আধিকারিক ও কর্মীরা এবং জনসাধারণ এসে স্বচ্ছন্দে বসে আলোচনা করতে পারেন এরকম জায়গা বোঝাবে।

(খ) সমস্ত গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির প্রতিনিধি নিয়ে সুষ্ঠুভাবে আলোচনা করা যেতে পারে এমন ঘরের কথা ভাবতে হবে।

(গ) জেলা পরিষদের নিজস্ব ওয়েবসাইট থাকা প্রয়োজন এবং তাতে জেলা পরিষদ ছাড়াও পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েত স্তরের তথ্য থাকা প্রয়োজন।

(ঘ) জেলা পরিষদের নিজস্ব গো-ডাউনে প্রয়োজন মেটানোর মতো পর্যাপ্ত জায়গা থাকলে তবেই নম্বর পাওয়া যাবে।

(ঙ) স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষদের বসার নির্দিষ্ট জায়গা অধিকাংশ জায়গাতেই নেই। এদিকে নজর দিতে হবে। যাইহোক বর্তমান অবস্থা অনুযায়ী নম্বর পাওয়া যাবে।

(চ) নিয়মিত (সপ্তাহে অন্তত একদিন) পরিষ্কার পরিচ্ছন্ন রাখার উদ্যোগ নিলে তবেই নম্বর পাওয়া যাবে।

(ছ) ভাল শৌচাগার অর্থে যে শৌচাগার ব্যবহারযোগ্য রাখা হয় ও জলের ব্যবস্থা আছে সেগুলিকে ধরতে হবে।

(জ) নিয়মিত (সপ্তাহে অন্তত একদিন) পরিষ্কার পরিচ্ছন্ন রাখার উদ্যোগ নিলে তবেই নম্বর পাওয়া যাবে।

(ঝ) বর্তমান অবস্থান প্রয়োজন মেটাতে পারছে কিনা সেই হিসাবে বিচার করতে হবে।

(ঞ) সরকারী আদেশনামা বিভিন্ন বিষয়ের আলাদা আলাদা গার্ড ফাইলে পরপর সাজিয়ে রাখলে পরে যে কোনো সময়ে খুব সহজেই পাওয়া যায়। বর্তমানে এরকম ব্যবস্থা না থাকলে অবিলম্বে এইভাবে রাখতে শুরু করতে হবে।

(ট) ডাক ফাইল রোজ খুলে দেখা এবং সেই অনুযায়ী ব্যবস্থা নেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি সভাধিপতির দায়িত্ব। বর্তমানে কোনো শিথিলতা থাকলে অবিলম্বে সেটা কাটিয়ে উঠতে হবে।

(ঠ) সরকারী আদেশনামা আসার পর অতি দ্রুত তার উপর ব্যবস্থা নেওয়া প্রয়োজন। ব্যবস্থা যিনি নেবেন তাঁকে অবশ্যই সাত দিনের মধ্যে জানাতে হবে। বর্তমানে এখানে দুর্বলতা থাকলে তা দ্রুত কাটিয়ে উঠতে হবে। জানানোর সাত দিনের মধ্যে কাজ শুরু না হলে যাঁকে জানানো হয়েছে তাঁকে আবার তাগাদা দিতে হবে।

(ড) দশটি স্থায়ী সমিতির সভায় নেওয়া সমস্ত সিদ্ধান্ত জেলা পরিষদের সাধারণ সভায় সদস্যদের জানাতে হবে এবং সাধারণ সভা তা অনু-সমর্থন (র‍্যাটিফিকেশন) করবে বা পরিবর্তন করবে। এটি অবশ্যই করা দরকার। এরকম সিদ্ধান্তের সংখ্যা প্রচুর হলে প্রয়োজনে সাধারণ সভার একাধিক সভা ডাকতে হতে পারে।

(ঢ) কার্যবিবরণী সভার মধ্যেই লেখা হবে, তারপর সভাপতি তাতে সই করবেন ও সভার শেষে তা পড়ে শোনাতে হবে। বর্তমানে এইরকম ব্যবস্থা না থাকলে সেদিকে নজর দেওয়া প্রয়োজন। বর্তমান অবস্থা অনুযায়ী নম্বর দিতে হবে।
মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

৭.(ক) এখানে উল্লিখিত রেজিস্টারগুলি ঠিকমতো রাখা হয় কিনা তা জানতে চাওয়া হয়েছে। রেজিস্টারগুলি গুরুত্বপূর্ণ। কিন্তু এছাড়াও কিছু গুরুত্বপূর্ণ রেজিস্টার জেলা পরিষদকে রাখতে হয় যেগুলি না থাকলে জেলা পরিষদের হিসাব-নিকাশ ঠিকমতো রাখা যায় না বা তার কাজ করায় অসুবিধা হয়। সুতরাং এই তালিকার বাইরের রেজিস্টারগুলি না রাখলেও চলবে বা সেগুলি কম গুরুত্বপূর্ণ এরকম ভাবার কোনো সুযোগ নেই। কাজের গতিপ্রকৃতি বোঝার জন্য বিশেষ কয়েকটি রেজিস্টার এখানে ধরা হয়েছে। লক্ষণীয় যে রেজিস্টারগুলি শুধু খুললেই হবে না, সেগুলি সবসময় হালনাগাদ করে রাখতে হবে – তবেই প্রাপ্তব্য নম্বর পাওয়া যাবে। মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

(খ) তথ্য পাওয়ার অধিকার আইনে স্বীকৃতি পেয়েছে। নীতির দিক থেকেও এই অধিকারকে অস্বীকার করা যায় না। কেউ তথ্য পেলে বোঝা যায় যে শুধু কাগজে নয় বাস্তবেও তথ্য জানানো হচ্ছে। সেই অনুযায়ী নম্বরের বিন্যাস করা হয়েছে।

৮. জেলা পরিষদের সব কাজে স্বচ্ছতা আছে এবং সব কর্মসূচী ও কর্মধারা উৎসাহী সাধারণ মানুষের জানবার সুযোগ আছে – এই তথ্য জানার জন্য এই প্রশ্নগুলি রাখা হয়েছে। প্রশ্নগুলিতে বিভিন্ন ধাপ রাখা আছে এবং প্রকৃত অবস্থা যে ধাপমতো হবে সেই অনুযায়ী নম্বর দিতে হবে।

৯.(ক) জেলা পরিষদের মোট মহিলা জনসংখ্যার কত শতাংশ সাক্ষর = জেলা পরিষদ এলাকার মোট সাক্ষর মহিলা জনসংখ্যা × ১০০ ÷ (জেলা পরিষদের মোট মহিলা জনসংখ্যা – জেলা পরিষদের ০ থেকে ৬ বছর বয়সী মোট কন্যাশিশুর সংখ্যা)।

(খ) পুরুষ সাক্ষরতার শতকরা হার থেকে মহিলা সাক্ষরতার শতকরা হার বিয়োগ করে বিয়োগফলের ভিত্তিতে নম্বর দিতে হবে।

(গ) এখানে কেন্দ্রের সংখ্যা বিবেচনায় আনা হয়নি। সবগুলি কেন্দ্র চালু আছে এবং অন্তত অর্ধেক সংখ্যকের মান সন্তোষজনক এমন হলেই ৩ নম্বর পাওয়া যাবে। আবার, সবগুলি কেন্দ্র চালু আছে কিন্তু অর্ধেকের বেশী সংখ্যকের মান সন্তোষজনক নয়, এমন হলে ২ নম্বর পাওয়া যাবে। এলাকার মধ্যে কোনো একটি কেন্দ্র চালু না থাকলেই ০ পাওয়া যাবে।

(ঘ) জেলা পরিষদ এলাকার কত শতাংশ গ্রাম সংসদে কোনো না কোনো প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান আছে = (প্রাথমিক বিদ্যালয়, শিশু শিক্ষা কেন্দ্র, ই.জি.এস. বা ব্রীজ কোর্স কেন্দ্র আছে এমন গ্রাম সংসদ × ১০০) ÷ মোট গ্রাম সংসদ।

(ঙ) জেলা পরিষদ এলাকার কত শতাংশ গ্রাম সংসদের ৩ কিমির মধ্যে কোনো না কোনো উচ্চ প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান (উচ্চ মাধ্যমিক, মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক শিক্ষা কেন্দ্র, অষ্টম শ্রেণী পর্যন্ত পড়া যায় এমন ই.জি.এস. বা রবীন্দ্র মুক্ত বিদ্যালয়) আছে = (৩ কিমির মধ্যে এই ধরণের প্রতিষ্ঠান আছে এমন গ্রাম সংসদের সংখ্যা × ১০০) ÷ জেলা পরিষদ এলাকার মোট গ্রাম সংসদের সংখ্যা।

(চ) মিড ডে মিলের খাবার সারাবছর সঠিকভাবে সবকটি স্কুলেই দিতে হবে। সেই জন্য প্রয়োজনীয় ব্যবস্থা ও তদারকি করতে হবে। এর সাথে সাথে সাধারণ মানুষকেও উৎসাহিত করতে হবে যাতে তাঁরা বিভিন্ন খাদ্যসামগ্রী দান করে তাঁদেরই সন্তানের খাবারের মান উন্নত করার প্রয়াসে সামিল হন। অবশ্য মানুষের কাছ থেকে দান সংগ্রহের আগে সরকারীভাবে যে ব্যবস্থা করা হয়েছে তা যেন সঠিক মানে বাচ্চাদের কাছে পৌঁছয় তা অবশ্যই সুনিশ্চিত করতে হবে। সেইজন্যই খাবারের পরিমাণ ও গুণমান বিদ্যালয়ে গিয়ে পরীক্ষা করা দরকার। ২০০৭-০৮ আর্থিক বছরে কোনো ব্লকের অন্তত ২টি বিদ্যালয়ে এরকম পরীক্ষা করা হয়ে থাকলে তবেই সেই ব্লককে হিসাবে আনা যাবে। যত শতাংশ ব্লকে এইরকম পরীক্ষা করা হয়েছে সেই অনুযায়ী নম্বর পাওয়া যাবে।
মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে গুণ করে গুণফলকে ৫ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

১০.(ক) যে কোন নিরাপদ পানীয় জলের উৎসকে (যেমন নলবাহিত জল, বাঁধানো চাতাল সহ নলকূপ বা কূঁয়া বা বিশেষভাবে শুধু পানীয় জলের জন্য সংরক্ষিত পুষ্করিণী) এই হিসাবে আনা যাবে।

(খ) (নল বাহিত জল, নলকূপ বা কূপের সুযোগ আছে এমন পরিবারের সংখ্যা × ১০০) ÷ মোট পরিবারের সংখ্যা = প্রয়োজনীয় শতাংশ। এই সুযোগ কোনো পরিবার ব্যক্তিগত চেষ্টায় বা যৌথভাবে বা গোষ্ঠীগতভাবে করলেও তা হিসাবে আনা যাবে।

(গ) (শৌচাগার আছে এমন পরিবারের সংখ্যা × ১০০) ÷ মোট পরিবারের সংখ্যা = প্রয়োজনীয় শতাংশ।

১১.(ক) কত শতাংশ পরিবার দারিদ্র্যসীমার নীচে আছে = (বি.পি.এল. পরিবার × ১০০) ÷ মোট পরিবার।

(খ) গত আর্থিক বছরে NREGS প্রকল্পে কাজ চাওয়া পরিবারগুলিকে গড়ে কতদিন কাজ দেওয়া গেছে = গত আর্থিক বছরে সবকটি রূপায়ণকারী সংস্থা মিলিয়ে এই প্রকল্পে মোট যত শ্রমদিবস সৃষ্টি হয়েছে ÷ কাজের দাবী জানিয়েছে এমন মোট পরিবারের সংখ্যা।

অথবা (খ) এখানে গড় হিসাব চাওয়া হয়েছে। গত আর্থিক বছরে সমস্ত পঞ্চায়েত সমিতি ও সমস্ত গ্রাম পঞ্চায়েত মিলিয়ে সবকটি দারিদ্র্য দূরীকরণ প্রকল্পে সৃষ্ট মোট শ্রমদিবসকে (অদক্ষ ও অর্ধদক্ষ শ্রমিকের) মোট বি.পি.এল. পরিবারের সংখ্যা দিয়ে ভাগ করলে সংখ্যাটি পাওয়া যাবে।

(গ) (গত বছরের মোট শ্রমদিবস × ১০০) ÷ গত বছরের শ্রমদিবসের লক্ষ্যমাত্রা = প্রয়োজনীয় শতাংশ।

(ঘ) বিভিন্ন প্রকল্পে কাজ করে পরিবার যে আয় করেছে ও প্রকল্প ছাড়া পরিবার আর যা আয় করেছে তা যোগ করে মোট আয়ের ভিত্তিতে হিসাব করতে হবে। এই হিসাব কিছুটা আনুমানিক হবে তবে অনুমানগুলি বাস্তবভিত্তিক হতে হবে। মোট বি.পি.এল. পরিবারসংখ্যার ভিত্তিতে শতাংশ হিসাব হবে।

(ঙ) ২০০৭-০৮ আর্থিক বছরের বার্ষিক পরিকল্পনায় এই সমস্ত প্রকল্পগুলিতে মোট যতগুলি পরিবারকে ব্যাঙ্ক ঋণের সহায়তায় নিজস্ব অর্থনৈতিক উদ্যোগ গড়ে তুলতে সাহায্য করা হবে বলে ধরা হয়েছিল তার মধ্যে কত শতাংশ পরিবারকে ঐ আর্থিক বছরে ব্যাঙ্ক ঋণের আওতায় আনা গেছে সেই হিসাবে নম্বর দিতে হবে।

(চ) (সবকটি স্বনির্ভর দলের মোট সদস্যা × ১০০) ÷ (১৮ বছর বা তার বেশী বয়সী মোট দরিদ্র মহিলার সংখ্যা) = প্রয়োজনীয় শতাংশ।

(ছ) স্বনির্ভর দলের সংঘ হল এমন একটি সংগঠন যার মাধ্যমে মহিলাদের দলগুলি পরস্পরের সঙ্গে যোগাযোগ রক্ষা করে নিজেদের সমস্যা পারস্পরিক সহযোগিতায় নিজেরাই সমাধান করতে পারে এবং রোজগার বাড়ানো, সামাজিক উন্নতি প্রভৃতি কাজেও বড়ো আকারে অংশ নিতে পারে। এরকম সংগঠনের মাধ্যমে স্বনির্ভর দলের আন্দোলন আরও জোরদার হয়ে উঠবে। সংঘের একটি সাধারণ পরিষদ থাকবে (যা গঠিত হবে সংঘের সদস্য দলগুলির সকল সদস্যকে নিয়ে) এবং একটি পরিচালন সমিতি থাকবে (যা গঠিত হবে সাধারণ সদস্যদের মধ্যে থেকে ৭-১১ জনকে বেছে নিয়ে)। প্রত্যেকটি গ্রাম পঞ্চায়েতে এই সংঘ গড়ে তুলতে হবে। বর্তমানে কটি গ্রাম পঞ্চায়েতে এই ধরণের সংঘ আছে তার ভিত্তিতে নম্বর পাওয়া যাবে।

(জ) গ্রাম পঞ্চায়েত স্তরের স্বনির্ভর দলের সকল সংঘগুলিকে নিয়ে ব্লকস্তরে একটি মহাসংঘ গঠিত হবে। একটি ব্লকে একটি মহাসংঘ গঠিত হবে, তবে ব্লকে ন্যূনতম চারটি সংঘ না থাকলে মহাসংঘ গঠন করা ঠিক হবে না। মহাসংঘের লক্ষ্য হবে ব্লকের মহিলা স্বনির্ভর দলগুলিকে আরও শক্তিশালী করে তোলা যাতে দলগুলি নিজেদের সমস্যা নিজেরাই তাদের সংগঠনের মাধ্যমে সমাধান করতে পারে। মহাসংঘ সদস্য সংঘগুলির/দলগুলির সামর্থ্য বৃদ্ধি ও সামাজিক কাজকর্মের দায়িত্বে থাকবে। মহাসংঘ সংঘের মাধ্যমে বিভিন্ন দলের মধ্যে যোগাযোগ ও তথ্যের আদান প্রদান ঘটিয়ে তাদের সাধারণ সমস্যাগুলি একসঙ্গে সমাধানের চেষ্টা করবে। সরকারি, বেসরকারি নানা পরিষেবা কোথায় কী পাওয়া যায় তার তথ্য এবং সুযোগ সুবিধা সংঘের মাধ্যমে দলের কাছে পৌঁছে দেওয়ার জন্য মহাসংঘ কাজ করবে। মহাসংঘ সংঘের দলগুলির সদস্যদের আয় বাড়ানো ও সংঘের দলগুলির উৎপাদিত দ্রব্যের বিপণনের ব্যাপারে সহায়তা করবে এবং সংঘের দলগুলি যাতে সহজে ঋণ পেতে পারে তার ব্যবস্থা করবে। সংঘের ও দলের সদস্যাদের নানা বিষয়ে সচেতন করে তোলা, বিকেন্দ্রীকৃত গ্রাম পরিকল্পনায় এবং গ্রাম সংসদের, গ্রাম পঞ্চায়েতের ও পঞ্চায়েত সমিতির নানা কাজে দলের প্রত্যক্ষ অংশগ্রহণ বাড়ানোর জন্যও মহাসংঘ কাজ করবে। যেখানে এখনও মহাসংঘ গঠিত হয়নি সেখানে অবিলম্বে গঠনের উদ্যোগ নিতে হবে। বর্তমানে কটি পঞ্চায়েত সমিতিতে এই ধরণের মহাসংঘ আছে তার ভিত্তিতে নম্বর পাওয়া যাবে।

মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে গুণ করে গুণফলকে ৩ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

১২.(ক) মোট চাষযোগ্য জমির আয়তনের ভিত্তিতে হিসাব হবে। সেচযুক্ত অর্থে সব ধরণের সেচই ধরা যাবে। প্রয়োজনমতো জল বৃহৎ সেচ প্রকল্প, নদী বা বড় খাল থেকে পাম্প দিয়ে তোলা, গভীর নলকূপ, অগভীর নলকূপ (গুচ্ছ বা একক) পাম্প দিয়ে বা শ্রমশক্তিতে (ডোঙা বা এই ধরণের কিছুর সাহায্যে) তোলা হলে সেই জমি সেচ যুক্ত ধরা হবে। অন্যভাবে, কোন জমি যে কোনভাবে জল পেয়ে খরিফ এবং রবি মরশুমে অন্তত একটি করে (একাধিক হতেও বাধা নেই) ফসল তুললে সেই জমি সেচযুক্ত ভাবা যাবে।

(খ) মোট মৌজা ধরে হিসাব করতে হবে। মৌজার যেকোন অংশে বিদ্যুৎ পৌছলে সেই মৌজায় বিদুৎ আছে বলে ধরা যাবে।

(গ) জেলা পরিষদের মোট বাড়ীর সংখ্যার ভিত্তিতে হিসাব করতে হবে।

(ঘ) উপযুক্ত পরিকাঠামো বলতে বিদ্যালয় বা কেন্দ্রগুলির জন্য প্রয়োজনীয় পাকা বাড়ী যাতে প্রতিটি শ্রেণীর নির্দিষ্ট কক্ষ আছে ও বাড়ীর বাউন্ডারী আছে এবং প্রয়োজনীয় শিক্ষাদানের উপকরণ বা কেন্দ্র পরিচালনার উপকরণ আছে এমন বোঝানো হয়েছে।

(ঙ) এক্ষেত্রে, রাজ্য সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ উপযুক্ত পরিকাঠামো অর্থে যা বোঝেন তা ভাবতে হবে। এই সঙ্গে হাসপাতালের বাড়ি মেরামতের প্রয়োজন আছে কিনা, চিকিৎসক ও অন্যান্য কর্মীদের বসার ব্যবস্থা, রুগীদের পরীক্ষার ব্যবস্থা, চিকিৎসার্থী ও অন্যান্য অপেক্ষমান মানুষের থাকার ব্যবস্থা, পানীয় জল ও শৌচাগারের ব্যবস্থা ও ন্যূনতম ওষুধ সরবরাহের ব্যবস্থা ঠিকমতো আছে কিনা সেগুলি দেখতে হবে।
মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে গুণ করে গুণফলকে ৫ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

১৩. প্রশ্নগুলি তথ্যভিত্তিক এবং হ্যাঁ বা না-সূচক তথ্য ও নথির ভিত্তিতে উত্তর ঠিক করে নম্বর দিতে হবে। প্রশ্নে বিপর্যয় অর্থে প্রাকৃতিক বিপর্যয়ের কথা – বন্যা, খরা, ঝড় বা ভূমিকম্প (সুনামি সহ) – ভাবা হয়েছে। এখানে পরিকল্পনা করা হয়েছে কি না তার ভিত্তিতে নম্বর পাওয়া যাবে। তবে পরিকল্পনা করার পর দুর্যোগ ঘটলে পরিকল্পনা অনুযায়ী কোন কাজই (যেসব আগাম ব্যবস্থা নেওয়া প্রয়োজন) করা না হয়ে থাকলে সেগুলি শুধুই কাগজের পরিকল্পনা। সেখানে কোনো নম্বর পাওয়া যাবে না।

১৪.(ক)-(গ) গ্রামীণ পরিবার সমীক্ষার (২০০৫) ৪ নং প্রশ্নটিতে খাদ্যের নিরাপত্তার বিষয়টি রাখা হয়েছিল। এই সমীক্ষায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে দেখা যাচ্ছে যে সারা রাজ্যে ৪.৩১ শতাংশ পরিবার এই প্রশ্নে ১ নম্বর পেয়েছেন (বছরের অধিকাংশ সময়ে দিনে একবারের কম পেট ভরে খেতে পান) এবং ১৫.৮৭ শতাংশ পরিবার এই প্রশ্নে ২ নম্বর পেয়েছেন (সাধারণত দিনে একবার পেট ভরে খেতে পান কিন্তু কখনো কখনো তাও পান না)। অর্থাৎ সামগ্রিকভাবে ২০.১৮ শতাংশ পরিবারের ক্ষেত্রে খাদ্য নিরাপত্তা সুনিশ্চিত করার ধারেকাছেও পৌঁছনো যায়নি। এই বাস্তবতা থেকেই এই প্রশ্নগুলি রাখা হয়েছে। যে সমস্ত পরিবার দুবেলা ঠিকঠাক খেতে পান না তাঁদের নামের তালিকা তৈরী করা সবচেয়ে আগে প্রয়োজন। গ্রাম পঞ্চায়েত ভিত্তিক সেই নামের তালিকা কতগুলি পঞ্চায়েত সমিতিতে তৈরী হয়েছে তা ধরতে চাওয়া হয়েছে (ক) প্রশ্নে। সেই তালিকার পরিবারগুলি অন্ত্যোদয় অন্ন যোজনা, অন্নপূর্ণা যোজনা ও রেশনের মাধ্যমে সম্ভাব্য সকল রকম সহায়তা পাচ্ছেন কি না তাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেইটি ধরা হয়েছে (খ) প্রশ্নে। এইসবের বাইরে যে ঘাটতি থেকে যাচ্ছে সেটি কিভাবে পূরণ করা হচ্ছে তা (গ) প্রশ্নে ধরা হয়েছে। এখানে গ্রাম পঞ্চায়েতের যে যে দায়িত্বের কথা বলা হয়েছে সেগুলি গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদনের (স্মারক নং: ৪৪৩৬/পি.এন/ও/১/৪এ-১/০৬ তারিখ: ৪.১১.২০০৮) ১৩(ক) প্রশ্নে ধরা হয়েছে এবং পঞ্চায়েত সমিতির যে যে দায়িত্বের কথা বলা হয়েছে সেগুলি পঞ্চায়েত সমিতির অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদনের (স্মারক নং: ৪৭৩৭/পি.এন./ও/১/৪এ-২/০৬ তারিখ: ২৬.১১.২০০৮) ১৪.(ক)-(গ) প্রশ্নে ধরা হয়েছে। ঐ প্রতিবেদনে পঞ্চায়েত সমিতির অবস্থানের উপর ভিত্তি করে এই প্রতিবেদনের উত্তর ও নম্বরগুলি দিতে হবে। এমন আশা করা হচ্ছে না যে এই স্তরের পরিবারগুলির সবাইকে এখুনি প্রয়োজনীয় সহায়তা দেওয়া ত্রিস্তর পঞ্চায়েতের পক্ষে সম্ভব, যদিও সহায়তার ক্ষেত্র কতটা বিস্তারিত তার ভিত্তিতেই নম্বর দিতে হবে। আসলে বিষয়টি যে খুবই গুরুত্বপূর্ণ ও এই ব্যাপারে একটি শক্তিশালী ব্যবস্থা গড়ে তুলতে হবে এটি সকলের নজরে নিয়ে আসার তাগিদেই প্রশ্নগুলি রাখা হয়েছে। আর এখানে জেলা পরিষদের কাজ হল পঞ্চায়েত সমিতিগুলি ও গ্রাম পঞ্চায়েতগুলিকে সচেতন করা এবং যেখানে দরকার পূর্ণ সহযোগিতা করা। শুধু উত্তর বা নম্বর দেওয়া নয় – এই উত্তর, নম্বর এবং ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণগুলি খতিয়ে দেখে অবিলম্বে যে ঘাটতিগুলি আছে সেগুলি মেটাতে ব্যবস্থা নিতে হবে। খাদ্যের অধিকার মানুষের প্রথম অধিকার এবং এই সংক্রান্ত সমস্ত ব্যবস্থাগুলি যুদ্ধকালীন তৎপরতায় নিতে হবে।

(ঘ) ২০০৭-০৮ আর্থিক বছরে সারা রাজ্যে ৫০৩টি গ্রাম পঞ্চায়েত এলাকা থেকে ১টি আবেদনও আসেনি। যে ৫০৩টি গ্রাম পঞ্চায়েতে একটি আবেদনও মঞ্জুর করা গেলো না সেই এলাকাগুলিতে প্রচারে অবশ্যই বড়সড় ঘাটতি আছে। সেই দিকে যথাযথ নজর দেওয়ার প্রয়োজনীয়তা থেকেই স্বমূল্যায়নে এই প্রশ্নটি রাখা হয়েছে।

(ঙ) PROFLAL স্কীমের আওতায় আসা কৃষি শ্রমিকের সংখ্যাকে ১০০ দিয়ে গুণ করে গুণফলকে জেলার গ্রামীণ এলাকার মোট কৃষি শ্রমিকের সংখ্যা দিয়ে ভাগ করলে প্রয়োজনীয় শতাংশ পাওয়া যাবে। কোনো তথ্য না থাকলে ০ পাওয়া যাবে।

(চ) পঞ্চায়েত সমিতিগুলিতে সমস্ত তথ্য কম্পিউটারে তোলা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেইদিকে নজর দেওয়ার প্রয়োজনীয়তা থেকেই এই প্রশ্নটি রাখা হয়েছে।

(ছ) SASPFUW স্কীমের আওতায় আসা অসংগঠিত শ্রমিকের সংখ্যাকে ১০০ দিয়ে গুণ করে গুণফলকে জেলার গ্রামীণ এলাকার মোট অসংগঠিত শ্রমিকের সংখ্যা দিয়ে ভাগ করলে প্রয়োজনীয় শতাংশ পাওয়া যাবে। কোনো তথ্য না থাকলে ০ পাওয়া যাবে।

(জ) জেলায় মোট প্রতিবন্ধী কতজন আছেন তার ভিত্তিতে শতাংশ ঠিক হবে। কোনো তথ্য না থাকলে ০ পাওয়া যাবে।
মোট প্রাপ্ত নম্বরকে ৪ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

(খ) সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার

১৫.(ক) উপবিধি অনুযায়ী নতুনভাবে অভিকর, ফি ইত্যাদি নির্ধারিত হলে সেই অনুযায়ী এগুলির আদায় কত শতাংশ বৃদ্ধি পেল তার উপর ভিত্তি করে নির্দিষ্ট নিয়মে নম্বর পাওয়া যাবে। উপবিধি তৈরী হওয়ার আগে অনেক জায়গায় যোগাযোগের মাধ্যমে বা অনুরোধ করে কিছু অভিকর, ফি ইত্যাদি আদায় করা হয়েছে। আগের সেই মোট আদায়কে ভিত্তি ধরতে হবে। যেখানে উপবিধি তৈরী হওয়ার আগে কোনো অভিকর, ফি ইত্যাদি আদায় হয়নি, সেখানে উপবিধির পর আদায় হলে ১০০ শতাংশ বৃদ্ধি বলে ধরতে হবে ও সেই অনুযায়ী নম্বর পাওয়া যাবে।

(খ) 'কোনো কোনো ধারা' শব্দগুচ্ছটি বলতে সংগ্রহযোগ্য মোট ধারার অন্ততঃ ৩০% ব্যবহার হলেই ২ নম্বর পাওয়ার যোগ্য বিবেচিত হবেন।

১৬.(ক-খ) সব প্রশ্নগুলিই বাস্তব অবস্থার ভিত্তিতে ঠিক করতে হবে। প্রাপ্তব্য অর্থের হিসাব সঠিক ছিল কি না বা পরিকল্পনাটি নিখুঁত ছিল কি না ইত্যাদি এখানে বিবেচ্য নয়। তবে হিসাব বা পরিকল্পনা যতখানি সম্ভব বাস্তবসম্মত হবে বলে এখানে ধরে নেওয়া হয়েছে। এখানে পদ্ধতিগুলি বা বিভিন্ন ধাপ ঠিক মতো মানা হচ্ছে কি না সেটাই দেখতে হবে।

(গ) কোন প্রস্তাব সম্পূর্ণ অবাস্তব বা আইন বা অন্যান্য পরিকাঠামোয় করা সম্ভব নয়, এমন হলে সে সব প্রস্তাব পঞ্চায়েত সমিতিতে ফেরৎ পাঠাতে হবে এবং সেগুলি গ্রহণযোগ্য প্রস্তাব বলে ধরা হবেনা। কোন প্রস্তাব গ্রহণযোগ্য হয়েও আর্থিক বা অন্য অসুবিধার জন্য চলতি বছরে ধরা যাচ্ছে না এবং পরের বছর অগ্রাধিকার দিয়ে ধরা হবে এমন সুনির্দিষ্ট প্রস্তাব গৃহীত হলে ও পঞ্চায়েত সমিতিকে সেভাবে জানিয়ে দিলে সেগুলি গৃহীত প্রস্তাব বলে ধরা যাবে। পঞ্চায়েত সমিতি যদি এইরকম কোনো প্রস্তাব না পাঠিয়ে থাকে তবে তাদেরকে এই বিষয়ে উৎসাহিত করা হয় নি বা করা যায় নি। বিকেন্দ্রীকৃত পরিকল্পনা ব্যবস্থায় এটি কাম্য নয়। সেইজন্যই পঞ্চায়েত সমিতিগুলি এরকম প্রস্তাব না পাঠালে সেটিকে জেলা পরিষদের ব্যর্থতা বলে ধরা হয়েছে এবং তার জন্য -২ নম্বর ধরা হয়েছে।

(ঘ-ছ) বাস্তব অবস্থার ভিত্তিতে উত্তর ও নম্বর দিতে হবে।

মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

১৭.(ক) মাথাপিছু নিজস্ব সংগৃহীত রাজস্ব = মোট নিজস্ব তহবিল ÷ মোট জনসংখ্যা (জনগণনা ২০০১)।

(খ) এখানে বার্ষিক ডিমান্ড বলতে পূর্ব বছরগুলির বকেয়া (আদায়যোগ্য) এবং ২০০৭-০৮ আর্থিক বছরের ডিমান্ড একসাথে ধরে তার কত শতাংশ আদায় হয়েছে তার ভিত্তিতে নম্বর দিতে হবে। প্রশ্নে ঋণাত্মক নম্বর লক্ষ্যণীয়।

(গ) গত আর্থিক বছরের সংগৃহীত রাজস্ব তার আগের বছরের তুলনায় কত শতাংশ বেশি = [২০০৭-০৮ আর্থিক বছরের নিজস্ব তহবিল – ২০০৬-০৭ আর্থিক বছরের নিজস্ব তহবিল) × ১০০] ÷ ২০০৬-০৭ আর্থিক বছরের নিজস্ব তহবিল। প্রশ্নে ঋণাত্মক নম্বর লক্ষ্যণীয়।

১৮.(ক-গ) যে তারিখে উত্তর দেওয়া হচ্ছে, সেই তারিখের ভিত্তিতে বিচার করতে হবে। সাবসিডিয়ারী ক্যাশবই একাধিক হবে এবং সবচেয়ে খারাপ অবস্থানের ভিত্তিতেই নম্বর দিতে হবে। যদি একটি সাবসিডিয়ারী ক্যাশবই ৩ দিনের মধ্যে হালনাগাদ করা হয় এবং আর একটি ১০ দিনের মধ্যে, তাহলে ১০ দিনের ভিত্তিতে ২ নম্বর পাওয়া যাবে। অবশ্য এমন হতে পারে যে ক্যাশবইয়ে বা সাবসিডিয়ারী ক্যাশবইয়ে বিগত কয়েকদিন কোনো আয়-ব্যয় হয়নি। তাহলে সেই অনুযায়ী একটি মন্তব্য রাখতে হবে। এই মন্তব্য যে তারিখে হবে, সেইদিন শেষ লেখা হয়েছে বলে ভাবতে হবে। ক্যাশবইয়ে স্বাক্ষরও সেই অনুযায়ী ধরা যাবে। ক্যাশবই বা সাবসিডিয়ারী ক্যাশবই যদি ১ মাসেরও বেশী সময় না লেখা হয়, তাকে একটি গুরুত্বপূর্ণ ঘাটতি বলে ভাবতে হবে। সেরকম জায়গায় আর্থিক শৃঙ্খলা বজায় রাখা খুবই কঠিন। তাই সেই জেলা পরিষদকে -২ পাওয়ার যোগ্য বলে ধরা হয়েছে।

(ঘ-ঙ) ১লা এপ্রিল ২০০৮ তারিখের ভিত্তিতে বিচার করতে হবে। লিক্যুইড ক্যাশের যে অংশটি সবথেকে আগে তোলা হয়েছে, সেই দিনকেই তোলার দিন হিসাবে ধরে হিসাব করতে হবে। এখানে দিন অর্থে কাজের দিনগুলিকে (ছুটির দিন বাদে) ধরতে হবে। এখানেও বেশী টাকা তোলা থাকলে বা বেশীদিন ধরে টাকা তোলা থাকলে ধারণা করার সুযোগ আছে যে কাজের বা টাকা তোলার ব্যাপারে কোনো পরিকল্পনা করা হয় না, আর্থিক শৃঙ্খলার দিকে নজর দেওয়া হয় না বা হিসাবপত্র সময়মতো রেখে নিজেদের আর্থিক অবস্থান সম্বন্ধে নিজেদের পরিষ্কার ধারণা করা বা সকলকে ধারণা দেওয়ার কোনো উদ্যম নেই। এছাড়া এই ধরণের অবস্থায় অর্থের অপচয় হওয়ার সম্ভাবনাও বেড়ে যায়। সেই কারণে এখানেও ঋণাত্মক (-) নম্বর দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। প্রশ্নগুলিতে নির্দিষ্ট অবস্থান অনুযায়ী বিভিন্ন ধাপে নম্বর দেখানো আছে। প্রকৃত অবস্থা বিচার করে সেই অনুযায়ী নম্বর দিতে হবে।

(চ) বর্তমান অবস্থা অনুযায়ী নম্বর দিতে হবে।
মোট প্রাপ্ত নম্বরকে ৩ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

১৯.(ক) কোনো সাধারণ সভায় নির্দিষ্টভাবে আলোচনা হলে তবেই নম্বর পাওয়া যাবে।

(খ) ১ লা এপ্রিল ২০০৮ তারিখে উত্তর দেওয়া হয়নি এমন যতগুলি অডিট প্যারা আছে সেই অনুযায়ী নম্বর পাওয়া যাবে। প্রশ্নে ঋণাত্মক নম্বর লক্ষ্যণীয়।

(গ) যে সব প্রশ্ন তোলা হয়েছে বা প্রতিবেদনে যে সব প্রস্তাব বা সুপারিশ রাখা হয়েছে, তার কটিতে ব্যবস্থা কোন সময়ের মধ্যে নেওয়া হয়েছে সেই অনুযায়ী নম্বর পাওয়া যাবে। অবশ্য, ব্যবস্থা নেওয়া মানে এই নয় যে সব অভিমত বা সুপারিশ সম্বন্ধে জেলা পরিষদকে একমত হয়ে ব্যবস্থা নিতে হবে। তারা পর্যালোচনা করে কোনো বিষয়ে তাদের কর্মপদ্ধতি যথাযথ ও আইনসম্মত বলে ভাবতে পারেন। সেক্ষেত্রে সংক্ষেপে যুক্তি দিয়ে লিখে রাখতে হবে ও নিয়মমতো নিরীক্ষা আধিকারিক ও অন্যান্য কতৃপক্ষকে জানাতে হবে। প্রশ্নে ঋণাত্মক নম্বর লক্ষ্যণীয়।

(ঘ) কোনো সাধারণ সভায় নির্দিষ্টভাবে আলোচনা হলে তবেই নম্বর পাওয়া যাবে।

(ঙ) যে সব প্রশ্ন তোলা হয়েছে বা প্রতিবেদনে যে সব প্রস্তাব বা সুপারিশ রাখা হয়েছে, তার কটিতে ব্যবস্থা কোন সময়ের মধ্যে নেওয়া হয়েছে সেই অনুযায়ী নম্বর পাওয়া যাবে। অবশ্য, ব্যবস্থা নেওয়া মানে এই নয় যে সব অভিমত বা সুপারিশ সম্বন্ধে জেলা পরিষদকে একমত হয়ে ব্যবস্থা নিতে হবে। তারা পর্যালোচনা করে কোনো বিষয়ে তাদের কর্মপদ্ধতি যথাযথ ও আইনসম্মত বলে ভাবতে পারেন। সেক্ষেত্রে সংক্ষেপে যুক্তি দিয়ে লিখে রাখতে হবে ও নিয়মমতো নিরীক্ষা আধিকারিক ও অন্যান্য কতৃপক্ষকে জানাতে হবে। প্রশ্নে ঋণাত্মক নম্বর লক্ষ্যণীয়।
মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

২০.(ক-ঙ) প্রত্যেকটি প্রশ্নে প্রয়োজনীয় শতাংশ = (২০০৭-০৮ আর্থিক বছরে মোট ব্যয় × ১০০) ÷ (১লা এপ্রিল ২০০৭ তারিখের প্রারম্ভিক স্থিতি + ২০০৭-০৮ আর্থিক বছরে প্রাপ্ত অর্থ)

(চ) অর্থের দ্রুত সদ্ব্যবহারের জন্য প্রত্যেক মাসের শেষে কোন খাতে কত অর্থ অব্যয়িত আছে তা নিয়ে আলোচনা করা দরকার এবং সেই অনুযায়ী নির্দিষ্ট ব্যবস্থা নেওয়া প্রয়োজন। এতে অর্থের সদ্ব্যবহার বাড়বে। বিগত আর্থিক বছরের যে কটি মাসের শেষে এরকম আলোচনা করে ব্যবস্থা নেওয়া হয়েছে সেই অনুযায়ী নম্বর দিতে হবে।

(ছ-ঝ) বাস্তব অবস্থা অনুযায়ী উত্তর দিতে হবে।

(ঞ) জেলা পরিষদের নিজস্ব তহবিল অর্থে ২০০৭-০৮ আর্থিক বছরে অভিকর, ফি, ফাইন, লেভি ইত্যাদি বাবদ (বকেয়া সহ) যা আদায় হয়েছে এবং জেলা পরিষদের বিভিন্ন সম্পদ থেকে গত আর্থিক বছরে যে অর্থপ্রাপ্তি হয়েছে তার যোগফলকে বোঝাবে। নিজস্ব তহবিলের কত শতাংশ ব্যয় হয়েছে = (নিজস্ব তহবিলের মধ্যে থেকে ২০০৭-০৮ আর্থিক বছরে যা ব্যয় হয়েছে × ১০০) ÷ (১লা এপ্রিল ২০০৭ তারিখে নিজস্ব তহবিলের প্রারম্ভিক স্থিতি + ২০০৭-০৮ আর্থিক বছরে সংগৃহীত নিজস্ব তহবিল)।

(ট) ২০০৭-০৮ আর্থিক বছরে নিজস্ব তহবিলের কত শতাংশ অফিস পরিচালনার জন্য ব্যয় হয়েছে = (নিজস্ব তহবিলের মধ্যে থেকে ২০০৭-০৮ আর্থিক বছরে অফিস পরিচালনার জন্য আপ্যায়ণ ও অন্যান্য খাতে [Stationery, Contingency ইত্যাদিতে] যা ব্যয় হয়েছে × ১০০) ÷ (১লা এপ্রিল ২০০৭ তারিখে নিজস্ব তহবিলের প্রারম্ভিক স্থিতি + ২০০৭-০৮ আর্থিক বছরে সংগৃহীত নিজস্ব তহবিল)।

(ঠ) ২০০৭-০৮ আর্থিক বছরে নিজস্ব তহবিলের কত শতাংশ বিভিন্ন সামাজিক কর্মসূচিতে ব্যয় হয়েছে = (নিজস্ব তহবিলের মধ্যে থেকে ২০০৭-০৮ আর্থিক বছরে উল্লিখিত বিষয়গুলিতে পরিবারভিত্তিক প্রচার, ছোট-বড় সভা, প্রচারপত্র বিলি ইত্যাদিতে যা ব্যয় হয়েছে × ১০০) ÷ (১লা এপ্রিল ২০০৭ তারিখে নিজস্ব তহবিলের প্রারম্ভিক স্থিতি + ২০০৭-০৮ আর্থিক বছরে সংগৃহীত নিজস্ব তহবিল)।

(ড) ২০০৭-০৮ আর্থিক বছরে নিজস্ব তহবিলের কত শতাংশ শিক্ষাখাতে ব্যয় হয়েছে = (নিজস্ব তহবিল থেকে ২০০৭-০৮ আর্থিক বছরে শিক্ষাখাতে যা ব্যয় হয়েছে × ১০০) ÷ (১লা এপ্রিল ২০০৭ তারিখে নিজস্ব তহবিলের প্রারম্ভিক স্থিতি + ২০০৭-০৮ আর্থিক বছরে সংগৃহীত নিজস্ব তহবিল)।

(ঢ) ২০০৭-০৮ আর্থিক বছরে নিজস্ব তহবিলের কত শতাংশ স্বাস্থ্যখাতে ব্যয় হয়েছে = (নিজস্ব তহবিল থেকে ২০০৭-০৮ আর্থিক বছরে স্বাস্থ্যখাতে যা ব্যয় হয়েছে × ১০০) ÷ (১লা এপ্রিল ২০০৭ তারিখে নিজস্ব তহবিলের প্রারম্ভিক স্থিতি + ২০০৭-০৮ আর্থিক বছরে সংগৃহীত নিজস্ব তহবিল)।

(ণ) ২০০৭-০৮ আর্থিক বছরে নিজস্ব তহবিলের কত শতাংশ নারী ও শিশু উন্নয়ন খাতে ব্যয় হয়েছে = (নিজস্ব তহবিল থেকে ২০০৭-০৮ আর্থিক বছরে নারী ও শিশু উন্নয়ন খাতে যা ব্যয় হয়েছে × ১০০) ÷ (১লা এপ্রিল ২০০৭ তারিখে নিজস্ব তহবিলের প্রারম্ভিক স্থিতি + ২০০৭-০৮ আর্থিক বছরে সংগৃহীত নিজস্ব তহবিল)।

(ত) উল্লিখিত কাজগুলির গুরুত্ব অপরিসীম এবং এই কাজগুলি করলে সাধারণ মানুষের মনে পঞ্চায়েত সম্পর্কে ভাল ধারণা তৈরী হয়। নিজস্ব তহবিল থেকে এইসব কাজগুলি করে নানাভাবে প্রচারের মাধ্যমে সেগুলি যদি আমরা নাগরিকদেরকে জানাই তাহলে আগামী দিনে নিজস্ব তহবিল বাড়ানো অনেক সুবিধাজনক হয়। ২০০৭-০৮ আর্থিক বছরে যে সব রকমের কাজ করা হয়েছে সেগুলির ক্রমিক সংখ্যাকে চিহ্নিত করতে হবে এবং যতগুলিকে চিহ্নিত করা হল সেই অনুযায়ী নম্বর দিতে হবে। এখনও যদি কোনো কাজ শুরু না হয়ে থাকে তাহলে অবশ্যই সেদিকে নজর দিতে হবে। যে সব জেলা পরিষদ নিজস্ব তহবিল থেকে উন্নয়নের কাজ করেননি তাঁরা এখানে কোনো নম্বর পাবেন না।

(থ) বিকেন্দ্রীকরণের সহায়ক নীতি: যে কাজ যে স্তরে করা প্রয়োজন ও সম্ভব সেই কাজ সেই স্তরেই করা এবং তার উপরের স্তরে না করা। এই নীতির ফলে পঞ্চায়েত সমিতির পক্ষে করা সম্ভব এমন কাজগুলি জেলা পরিষদ পঞ্চায়েত সমিতির মাধ্যমে রূপায়ণ করবে। শুধু যে কাজগুলি পঞ্চায়েত সমিতির পক্ষে করা সম্ভব নয় এমন কাজগুলিই জেলা পরিষদ রূপায়ণ করবে।
মোট প্রাপ্ত নম্বরকে ৭ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

২১.(ক) (১) সদ্ব্যবহার শংসাপত্র সবথেকে দেরী করে যে প্রকল্প সম্বন্ধে পাঠানো হয়েছে তার সময় ধরে নম্বর পাওয়া যাবে।
(২) প্রশাসনিক ব্যয় সংক্রান্ত বরাদ্দ দু ধরণের হতে পারে – (১) কর্মচারীদের বেতন ও (২) পদাধিকারীদের সাম্মানিক, দৈনিক ভাতা সহ ভ্রমণ ভাতা ও অন্যান্য নৈমিত্তিক খরচ। এই বরাদ্দগুলি শেষ যে সময়কালের জন্য পাওয়া গেছে সেই সময়ের ভিতরে যদি সদ্ব্যবহার শংসাপত্র দেওয়া হয়ে থাকে তবে ৩ পাওয়া যাবে এবং সেই সময়কাল শেষ হওয়ার পরে ১৫ দিনের মধ্যে বা ১ মাসের মধ্যে পাঠানো হলে সেই অনুযায়ী পর্যায়ভিত্তিক নম্বর রাখা হয়েছে। এখানে ঋণাত্মক নম্বর দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

(খ) বাস্তব পরিস্থিতি অনুযায়ী, এই অংশে উল্লিখিত প্রশ্নগুলির তথ্য বেশীরভাগ যে সময়ে পাঠানো হয় সেই সময় ধরে নম্বর দিতে হবে।

সামগ্রিক: সব কটি প্রশ্নে প্রাপ্ত নম্বর এখানে লিখতে হবে। ১ থেকে ১৪ নম্বর প্রশ্নে প্রাপ্ত নম্বর যোগ করে নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থায় মোট প্রাপ্ত নম্বর লিখতে হবে। ১৫ থেকে ২১ নম্বর প্রশ্নে প্রাপ্ত নম্বর যোগ করে সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহারের ক্ষেত্রে মোট প্রাপ্ত নম্বর লিখতে হবে। এই দুই মোট প্রাপ্ত নম্বরকে যোগ করে সর্বমোট প্রাপ্ত নম্বর লিখতে হবে। সর্বমোট প্রাপ্ত নম্বরকে ৩ দিয়ে ভাগ করে প্রকৃত সর্বমোট প্রাপ্ত নম্বর পাওয়া যাবে।

জেলা পরিষদের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৭-০৮)

রাজ্যস্তরের মতামতের জন্য

জেলা পরিষদ যে সব প্রশ্নগুলিতে সঠিক নম্বর দেয়নি সেগুলি কেটে ঐ নম্বরের পাশে সঠিক নম্বরটি লিখে দেওয়া হয়েছে এবং সেই অনুযায়ী সামগ্রিক নম্বরের সারণীটিকেও (৭৯-৮০ পাতা) পরিবর্তন করে দেওয়া হয়েছে। আর যে নম্বরগুলি কাটা হয়নি সেগুলি সঠিক নম্বর।

.....

মহাধ্যক্ষ, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ

জেলা পরিষদের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৭-০৮)

২০০৬-০৭ আর্থিক বছরের স্বমূল্যায়নে জেলা পরিষদগুলির প্রাপ্ত নম্বর *

জেলা পরিষদ	নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা (সর্বোচ্চ নম্বর : ২০০) প্রশ্ন নং (১-১৪)	সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার (সর্বোচ্চ নম্বর : ১০০) প্রশ্ন নং (১৫-২১)
বাঁকুড়া	১৪০.২৫	৮২.০০
বীরভূম	১৫৫.৪০	৮২.১০
বর্ধমান	১৫৯.৮১	৮২.৬০
কুচবিহার	১১০.৯৪	৫০.৭০
দক্ষিণ দিনাজপুর	**	**
হাওড়া	১৫৮.৫২	৮৪.৩৭
হুগলী	১৫২.২০	৭৫.৫০
জলপাইগুড়ি	১৫০.৪০	৬০.৮০
মালদা	১০০.০০	৪৭.৩৭
মুর্শিদাবাদ	**	**
নদীয়া	১৫৫.২৫	৭৬.৫০
উত্তর ২৪ পরগণা	১৪৫.০০	৫২.২০
পশ্চিম মেদিনীপুর	১৪৬.৬৮	৭৫.৩০
পূর্ব মেদিনীপুর	**	**
পুরুলিয়া	১২৫.১৫	৫৩.৯০
শিলিগুড়ি মহকুমা পরিষদ	১৪৭.৩০	৬৮.৩০
দক্ষিণ ২৪ পরগণা	১৩০.৪৫	৭৬.১০
উত্তর দিনাজপুর	১১৫.৫০	৫৮.৫৩
রাজ্যের মধ্যে সবচেয়ে বেশী নম্বর	**১৫৯.৮১ (বর্ধমান)**	**৮৪.৩৭ (হাওড়া)**

* – পরীক্ষা করার পর মহাধ্যক্ষ, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ কর্তৃক পরিবর্তিত এবং পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ কর্তৃক গৃহীত নম্বর।

** – স্বমূল্যায়ন প্রতিবেদন রাজ্য সরকারের কাছে জমা পড়েনি।